

'Swasthya Samachara' Series

No. 5

KHADYA-KATHA

(OUR FOODSTUFF)

BY

NARENDRANATH BASU

Life-Member Indian Association for the Cultivation of
Science, Late Analytical Chemist Dr. Bose's
Laboratory, Holder of Science Association

Special Prize for work in
Analytical Chemistry.

'স্বাস্থ্য-সমাচার' পুস্তকালয়

সংখ্যা ৫

খাদ্য-কথা

ভারতবর্ষীয় নিজান সভার আজীবন সদস্য, ডাক্তার বসুর ল্যাবরেটরীর
ভৃতপূর্ব বসায়ন-বিশেষক এবং 'স্বাস্থ্য-সমাচার' পত্রের
সহকারী সম্পাদক

শ্রীনবেন্দনাথ বসু
প্রণীত।

All rights reserved.

‘স্বাস্থ্য-সমাচার’ কার্যালয়
৪৫ নং আমহাট্ট ষ্ট্রিট,
কলিকাতা।

জানুয়ারী ১৯২২

Printed & Published by K. C. Bose,
Standard Drug Press,
45, Amherst Street, Calcutta.

তুলিকা

আজ প্রায় ৩০ বৎসরের কথা, আমি যখন প্রথম চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন আরম্ভ করি তখন খাত্তি সম্বন্ধে কোনই আলোচনা দেখা যাইত না। কিন্তু আজকাল সকল সভ্য দেশেই এ সম্বন্ধে স্বিশেষ চর্চা চলিতেছে। স্বত্রের বিষয় কয়েক বৎসর হইতে আমাদের দেশেও কিছু চর্চা আরম্ভ হইয়াছে। এইরূপ আলোচনার দ্বারা আমাদের জ্ঞান যতই বৃদ্ধি করিতে পারা যায়, ততই মজলের বিষয়। • খাত্তি সম্বন্ধে বিশেষ অঙ্গতার দোষেই কত লোকে যে নানারূপ স্বরূপ রোগে অনর্থক কষ্ট পাইতেছেন, তাহা চিকিৎসাবাবসায়ী আমরা নিতি প্রতাক্ষ করিতেছি। সাভাবিক নিয়ম লঙ্ঘন করিয়া, মুখ্যপ্রিয় ও বিরুদ্ধ খাত্তাদির অপরিমিত ব্যবহার সভ্য সমাজে যে কেবল নানারূপ রোগের সৃষ্টি করিতেছে তাহা নহে, ইহা সম্মান্তারও একটি প্রধান কারণ সরূপ হইয়া রহিয়াছে। খাত্তের সহিত শরীরের সম্বন্ধ, খাত্তের পরিপাক, কোন খাত্তের দ্বারা শরীরের কোন কায় সাধিত হয়, খাত্ত সমূহের উপাদান গত পার্থক্য এবং স্বাস্থ্যরক্ষার উপযোগী খাত্তের পরিমাণ প্রভৃতি বিষয়ের সাধুরণ জ্ঞান সকলেরই থাকা একান্ত আবশ্যিক।

এই “খাত্ত-কথা” পুস্তকে শ্রীমান নরেন্দ্রনাথ খাত্তি সম্বন্ধে উক্ত সাধারণ বিষয়গুলি যথাসাধ্য সরলভাবে আলোচনা করিয়াছেন। গতবর্ষে এই প্রবন্ধ যখন ধারাবাহিক ভাবে “স্বাস্থ্য-সমাচারে” প্রকাশিত হয়, তখনই অনেকের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। পুস্তকের প্রথম অধ্যায়ে খাত্তি সম্বন্ধে যে সকল ভাস্তু ধারণার কথা লিপিবদ্ধ হইয়াছে, তাহার প্রমাণ আমরা নানা লোকের

সংস্পর্শে আসিয়া প্রত্যহই পাইয়া থাকি। জ্ঞান 'বিস্তারের সঙ্গেই যে এই সকল ভৱ ধারণা দূর হইবে সে বিষয়ে সন্দেহ নাই। পুস্তকে বাঙালীর খান্দ সম্পর্কে বিশেষ ভাবে আলোচনা হওয়াতে, ইহা আমাদের অধিক উপযোগী হইয়াছে। এই ক্ষুদ্র পুস্তকে খাদোর বিভিন্ন বিষয়ে নানারূপ আবশ্যকীয় আলোচনা বাদ থাকিলেও, খাদা সম্পর্কে সাধারণ জ্ঞান বিস্তারের পক্ষে ইহা বিশেষ কাষাকরী হইবে। মনে হয় গল্প ও উপন্যাস পাঠে অধিক অভ্যন্তর দেশবাসীর মনে অত্যাবশ্যক বিষয়ের শিক্ষায় আগত ক্রমশঃ বন্ধিত করিতে হইলে প্রথমে এইরূপ ক্ষুদ্র আকারের পুস্তক প্রণয়ন করাই কর্তব্য। মাঝে করি “খাদাকথা” লোকের মধ্যে খাদা সম্পর্কে জ্ঞান বিস্তারের সহায়তা করিয়া লেখকের শ্রম সার্থক করিবে।

কলিকাতা
পৌষ, ১৯২৮।

শ্রীকান্তিকচন্দ্ৰ কুমাৰ এন্ড কো.

নিবেদন

এই পুস্তক প্রণয়নে কলিকাতা মেডিক্যাল কলেজের শ্রীরত্ন বিভাগের শিক্ষক শ্রীকান্তজন ডাক্তার শ্রীমুকু লালমোহন ঘোষাল এল, এম, এস মহাশয় সবিশেষ সহায়তা করিয়াছেন। তাহার নিকট বিশেষ কৃতজ্ঞ রহিলাম।

বিভিন্ন বিমুক্তি শিল্প পাকার মধ্যে এই পুস্তক প্রণীত হইয়াছে, সে জন্ম ইতাতে ভৱপ্রমাদ থাকা সম্ভব। সহজয় পাঠকগণের হারা কোনোরূপ ভৱ প্রদর্শিত হইলে বিশেষ অনুগ্রহীত হইব।

শ্রীনরেন্দ্রনাথ বশু।

সুচীপত্র

| বিষয় | | পৃষ্ঠা |
|------------------------------------|-----|--------------|
| খাতা সম্বন্ধে ভাস্তু ধারণা— | | ১—৩ |
| জ্ঞানের অভাব | ... | ১ |
| অধিক আহার ও পুষ্টি | ... | ২ |
| মাংস আহার ও উন্নতি | ... | ৩ |
| তরকারী ও শাকসজি | ... | ৪ |
| ফেনগালা ভাত ও বাঙালীর বল | ... | ৫ |
| ব্যায়াম এবং বিশিষ্ট খাত্ত | ... | ৬ |
| খাদ্যের প্রয়োজনীয়তা— | | ৪—৫ |
| শরীরের ক্ষয় পূরণ | .. | ৪ |
| শরীরের বৃদ্ধি সাধন | ... | ৫ |
| তাপজনন এবং শক্তি উৎপাদন | ... | ৫ |
| এঙ্গিনের সহিত শরীরের তুলনা | ... | ৫ |
| খাদ্যের বিভিন্ন উপাদান— | | ৬—৯ |
| আমিষ উপাদান | ... | ৬ |
| শ্রেষ্ঠ উপাদান | ... | ৭ |
| শালি উপাদান | ... | ৭ |
| লবণ উপাদান | ... | ৭ |
| জল | ... | ৮ |
| ভাইটামিন | ... | ৮ |
| খাদ্যের পরিপাক প্রণালী— | | ১০—১৭ |
| পরিপাক ঘন্টাবলী | ... | ১০ |
| দস্ত ও জিহ্বা | ... | ১০ |
| লালার কার্য | ... | ১১ |
| অন্তর্লাগী | ... | ১১ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---------------------------|-----|--------|
| পাকশ্লী | ... | ১২ |
| ডিওডিনম্ | ... | ১৫ |
| কুদ্রান্ত | ... | ১৬ |
| বৃত্তদ্রুত | ... | ১৬ |
| পরিপাক ক্রিয়া সমাধার কাল | ... | ১৭ |
| গাদা সমূহের গুণাগুণ— | | ১৮—৪০ |
| চাউল | ... | ১৮ |
| ভাত | ... | ১৯ |
| ভাতের ফেন | ... | ২০ |
| মুড়ি | ... | ২০ |
| চিড়া, ঘৈ | ... | ২০ |
| গোধূম | ... | ২১ |
| ময়দা, আটা, শুক্রি | ... | ২১ |
| কুটি | ... | ২১ |
| লুচি | ... | ২২ |
| পাটকুটি | ... | ২২ |
| দাউল | ... | ২২ |
| দালের আমিষ উপাদান | ... | ২৩ |
| তগ | ... | ২৪ |
| দধি | ... | ২৫ |
| ছানা | ... | ২৫ |
| মাথন | ... | ২৬ |
| মাংস | ... | ২৬ |
| মাংসের আমিষ উপাদান | ... | ২৭ |
| যকৃত ও মস্তিষ্ক | ... | ২৮ |
| মৎস্য | ... | ২৯ |
| মৎস্যের এবং মাংসের তুলনা | ... | ২৯ |

| বিষয় | | | পৃষ্ঠা |
|-----------------------------------|-----|-----|--------|
| মৎস-ডিস্ট্ৰি | ... | ... | ৩০ |
| কুকুট-ডিস্ট্ৰি | ... | ... | ৩০ |
| হংস-ডিস্ট্ৰি | ... | ... | ৩১ |
| ডিস্ট্ৰিৰ পৃষ্ঠিকাৰিতা | ... | ... | ৩১ |
| তৱকারী | ... | ... | ৩২ |
| মূল ও কন্দজাতীয় | ... | ... | ৩২ |
| ফল, ফুল ও বীজজাতীয় | ... | ... | ৩৩ |
| শাকজাতীয় | ... | ... | ৩৪ |
| সেলুলোজু | . | ... | ৩৪ |
| তৱকারীৰ পৃষ্ঠিকাৰিতা | ... | ... | ৩৫ |
| বিবিধ ফল | ... | ... | ৩৬ |
| ফলৰ শুণ্যাশুণ্য | .. | .. | ৩৭ |
| বাদাম | ... | ... | ৩৮ |
| বাদামৰ পৃষ্ঠিকাৰিতা | ... | ... | ৩৯ |
| শুড়, চিনি, গিছুরি | ... | ... | ৩৯ |
| মধু | ... | ... | ৪০ |
| খাদ্যেৰ মাত্ৰা নিৰূপণ— | | | ৪১—৪৮ |
| কাৰণভদ্ৰে মাত্ৰাৰ তাৰতম্য , | ... | ... | ৪১ |
| জাতিৰ বল ও খাদ্যেৰ মাত্ৰা | ... | ... | ৪২ |
| ক্ষয়েৰ পৰিমাণ ও খাদ্যেৰ মাত্ৰা | ... | ... | ৪২ |
| জাৰ্মাণ পশ্চিতেৰ মত | ... | | ৪৩ |
| মার্কিণ পশ্চিতেৰ মত | ... | .. | ৪৪ |
| জাপানী অধ্যাপকেৰ মত | ... | ... | ৪৫ |
| অধ্যাপক ম্যাকেৰ মত | ... | ... | ৪৫ |
| মতেৰ ঐক্য | ... | ... | ৪৬ |
| বাঙ্গালী তদ্বলোকেৰ খাদ্যেৰ মাত্ৰা | ... | ... | ৪৬ |

| বিষয় | | পুষ্টি |
|--------------------------------|-----|---------------|
| নির্ধারিত নিয়ম উপর্যুক্ত নথে | ... | ৪৭ |
| মহৰ্ষি চরকের বাণী | ... | ৬৮ |
| গান্ধ সম্বন্ধে বিচার— | | ৪৯—৫৭ |
| বিশ্বির প্রেণীর গান্ধ-তালিকা | ... | ৪৯ |
| নির্দিষ্ট তালিকাব সঠিত তুলনা। | ... | ৫২ |
| শালি ও আমিম উপাদান | ... | ৫১ |
| কুবকের পাত্রের কথা | ... | ৫৩ |
| সাধারণ গৃহস্থের পাত্রের কথা | ... | ৫৫ |
| অবস্থাপন গৃহস্থের পাত্রের কথা। | ... | ৫৫ |
| ধনীগণের পাত্রের কথা। | ... | ৫৫ |
| কয়েদীদের পাত্রের কথা। | ... | ৫৫ |
| শালি ও আমিম পাত্রের হোম পুণ | ... | ৫৫ |
| শেব কথা। | ... | ৫৫ |
| পাত্রের দোষে রোগ ভোগ— | | ৫৮—৬০ |
| অজীর্ণতা | ... | ৫৮ |
| কোষ্ঠদক্ষতা | ... | ৫৯ |
| রেনেল কর্ণক | ... | ৫৯ |
| গেটেরাত | ... | ৬০ |
| বহুভূজ | ... | ৬০ |
| ঙ্গলতা | ... | ৬০ |
| গান্ধ সমৃহের বরশোরণ— | | ৬১—৭০ |

ଆନ୍ତି-କର୍ମୀ

ଖାତ୍ୟ ସମ୍ବନ୍ଧେ ଆନ୍ତି ଧାରଣା

ଆମାଦେର ଦେଶେ ସାଧାରଣେ ଏମନ କି ଅନେକ ଶିକ୍ଷିତ ବାକ୍ତିଓ
ଖାତ୍ୟ ସମ୍ବନ୍ଧେ ଜାନାରୂପ ଆନ୍ତି ମତ ପୋଷଣ କରିଯା ଥାକେନ । ବିଭିନ୍ନ
ଖାତ୍ୟର ଗୁଣାଗୁଣ ଏବଂ ଦେତେର ଉପର ତାହାଦେର କ୍ରିୟା
୫. ମେଦ ଅଟ୍ୟେ

ସମ୍ବନ୍ଧେ ଜ୍ଞାନେର ଅଭାବରୁ ଏହିରୂପ ଆନ୍ତିର କାରଣ ।
ଏଦେଶେ ଚିକିତ୍ସା-ବିଦ୍ୟା-ଶିକ୍ଷାମୌ ବାର୍ତ୍ତାତ ଅପର କାହାରୁ ଏହି
ଆତ୍ମାବନ୍ଧ୍ୟକ ବିଷୟେ ସାଧାରଣ ଶିକ୍ଷାର କୋନ ବାବସ୍ଥା ନାହିଁ ଏବଂ ଏ ସକଳ
ଶିକ୍ଷାଯ ଲୋକେର ଆଶ୍ରାହ ଓ ଦେଖା ଯାଏ ନା ।

ସାଧାରଣ ଲୋକେର, ବିଶେଷତଃ ସ୍ତ୍ରୀଲୋକଗଣେର ବିଧାମ, ସେ ଯତ ବେଶୀ
ଖାତ୍ୟ ଗ୍ରହଣ କରିବେ, ମେ ତତ ଅନ୍ତି-ପୁଣ୍ଡି ହଇବେ ଓ ତାହାର ଶରୀର ତତ
ଅଧିକ ଅନ୍ତିର
ନୀରୋଗ ଥାକିବେ । କେବଳ ଗୁରୁ-ଭୋଜନ କରିଲେଇ
୩. ଯେ ଶରୀରେର ପୁଣ୍ଡି ତମ ନା, ମେତେ ସଙ୍ଗେ ସୁପରିପାକ
କରା ଚାହିଁ, ଏ ସାଧାରଣ କଥାଟାଓ ସକଳେର ଧାରଣାଯ ଆସେ ନା ।
ଆଜକାଳ ଅବଶ୍ୟକ ଲୋକେଦେର ମଧ୍ୟେ ଖାତ୍ୟର ପରିମାଣ ଓ ଗୁରୁତ୍ୱ
ଅତ୍ୟଧିକ ବୃଦ୍ଧି ପାଓଯାଇଛି ନାନାପ୍ରକାର ରୋଗେର ଉତ୍ପାଦି ହେଇଯାଇଛେ ।

কয়েক বৎসর পূর্বে ছাত্রগণের হিতৈষী কলিকাতার কোন উচ্চ উপাধিধারী ব্যক্তি মত প্রকাশ করিয়াছিলেন যে, “আমাদের বাঙালী মাংস আঙ্গু ও উভতি ছাত্রেরা মাংস খাইতে পায় না বলিয়া দুর্বল হইয়া যাইতেছে। যদি এই জাতিকে উন্নত করিতে চাও, তবে ছাত্র ও যুবকগণকে যথেষ্ট পরিমাণে মাংস খাইতে দাও। ইহাই ভবিষ্যৎ বাঙালী জাতির একমাত্র উন্নতির উপায়।” অনেক লোকেই এই মতে সায় দিয়া গাকেন। মাংস দেহের পক্ষে বিশেষ পুষ্টিকর খাদ্য সত্য; কিন্তু বাঙালীর সাধারণ খাদ্যে যে পুষ্টিকর উপাদান নাই এবং তাত্ত্বিকভাবে যে শর্বীর উপযুক্ত রূপে পুষ্ট হইতে পারে না, এ ধারণা সম্পূর্ণ ভুল।

আজকাল যুবকদের নধ্যে অনেককে শাকসজ্জি এবং তরকারীর উপর বীতরাগ হইতে দেখা যায়। তাহারা বলেন, “ও সব বাজে জিনিয়ে আহারে শর্বীরের কোন উপকার নাই। মৎস্য, রুক্ষরী ও শকসজ্জি মাংস, দুঃখ, চাউল, গম প্রভৃতি সারবান পদার্থই শর্বীরের পক্ষে আবশ্যিক।” শাকসজ্জি ও তরকারীতে সারভাগ কম বটে, কিন্তু স্বাস্থ্য রক্ষার পক্ষে এগুলিও বে একান্ত আবশ্যিক, সে জ্ঞান না পাকাতেই ঐরূপ উক্তি বাহির হইয়া থাকে।

অনেকেই বলিয়া থাকেন—“ভাতের ফেন ফেলিয়া দিয়া থাইলে বাঙালীর বল আর কি করিয়া থাকিবে? ফেনের সঙ্গেই ত ভাতের ফেনগালা ভাত ও বাঙালীর বল সব সার বাহির হইয়া যায়। ফেন গালা ভাতে কি আর শর্বীরের পুষ্টি হয়?” মুদ্রিত প্রবন্ধাদিতেও এই ধরণের কথা থাকিতে দেখা যায়। ইহাও ভুল ধারণা। ভাতে

কি কি উপাদান থাকে এবং কেনের সঙ্গেই বা কোন উপাদানের কতটুকু বাহির হইয়া যায়, তাহা জানা নাই বলিয়াই লোকে একেবারে আন্ত অভিগত প্রকাশ কবিয়া থাকেন।

অনেকে মনে করেন শরীর গঠনের জন্য বায়ামের সঙ্গে
বিশিষ্টগুণসম্পন্ন খাদ্যের একান্ত প্রয়োজন। ইহা অতি ভালু
বায়াম এবং নিশ্চিট খাদ্য
ধারণা। এই ধারণা সত্তা হইলে বায়ামের দ্বারা
দেহ গঠন করা বল লোকের পক্ষেই অসাধা হইত।
নিয়মিত বায়াম ও অধ্যবসায়ের বলে ব্যায়ামকারী সাধারণ খাদ্য
গ্রহণ করিয়াই অপরের অপেক্ষা সুগঠিত-দেহ ও বলবান হইয়া
থাকেন।

খাত্তের প্রয়োজনীয়তা

জীবন দারণের জন্য প্রাণীমাত্রেরই খাত্তের প্রয়োজন। বিনা খাত্ত গ্রহণে কেউই জীবিত থাকিতে পারে না। খাত্তের দ্বারাই (১) শরীরের ক্ষয় পূরণ, (২) শরীরের বৃক্ষি সাধন, (৩) তাপ জনন ও (৪) শক্তি উৎপাদনএই চারিটি প্রধান কাম্য সাধিত হইয়া থাকে।

কাষক্ষয়, নড়াচড়া, খাস-প্রশাস প্রভৃতি সকল অবস্থাতেই আমাদের দেহ নিত্য ক্ষয় প্রাপ্ত হইতেছে। খাত্ত এই ক্ষয়ের পূরণ করিয়া থাকে। খাত্ত গ্রহণ না করিলে শরীরের ক্ষয় পূরণ

আমাদের শরীর বেশী ও লব্ধভাব হইতে থাকে ক্ষয় পূরণের অভাবই ভাতার কারণ

শরীরের বৃক্ষি সাধন খাত্তেরই কার্য। খাত্তই ক্ষুদ্র দেহধারী শিশুকে ক্রমে পৃষ্ঠ-দেহী মানবে পরিণত করে।
শরীরের বৃক্ষি সাধন
উপর্যুক্ত খাত্তের অভাব হইলে দৈহিক বৃক্ষি সাধনের সমাক ব্যাঘাত ঘটিয়া থাকে।

জীবিত প্রাণী মাত্রেরই দেহে তপ আছে। মৃত শরীর এই তাপের অভাবে শীতল হইয়া থায়। খাত্ত হইতে শরীরাভাস্তরে তপ জনন এবং শক্তি উৎপাদন নানা প্রক্রিয়ার দ্বারা তাপ ও সর্ববিধ শক্তির উৎপত্তি হইয়া থাকে। খাত্তের অভাব-ক্লিষ্টের পক্ষে দৈহিক তাপের সমতা এবং শক্তি রক্ষা করা সম্ভবপর নহে।

ষ্টিম্ এঞ্জিনের সঠিত শর্বারের তুলনা করা যাইতে পারে। এঞ্জিনের সহিত আমাদের শর্বারকৃপ যদ্বের অনেক বিশেষ সাদৃশ্য রয়েছে। এঞ্জিন চালাইবার জন্য যেরূপ কয়লা দণ্ডন হচ্ছে আমাদের শর্বারকৃপ দ্বারা, আমাদের শর্বীরকে কাষ্যক্ষম রাখিতে হচ্ছে সেইরূপ কাষ্যের আনশ্যক। অগ্নিযোগে কয়লার দণ্ডন-ক্রিয়া (অর্গাং কয়লার সহিত বামস্থিত অঞ্জিনের রাসায়নিক সংযোগ) হটে তে উৎপন্ন তেজে বয়লার-ষ্টিত জলকে বাস্পে পরিণত করিয়া এঞ্জিনকে চালিত করে। আমাদের শর্বীর মধ্যেও এইরূপ দণ্ডন ক্রিয়া অনবশ্যিত চালিতেছে। আমাদের গৃহীত গাঢ় পরিপাক ক্রিয়া দ্বারা জীব হউয়া রক্তের সহিত মিশ্রিত এবং রক্ত প্রবাহের দ্বারা শর্বারের বিভিন্ন অংশে নীত হউয়া অঞ্জিনের সহিত মিলিত হউয়া গাকে। দায় হইতে নিঃশ্বাস গ্রহণ দ্বারা এই অঞ্জিনে সংগৃহীত হউয়া রক্তের সঠিত শর্বারের সকল স্থানে পরিচালিত হয়। অঞ্জিনের সঠিত খাদ্যের এই রাসায়নিক সংযোগ হটে উৎপন্ন তেজে আমাদের দেহের তাপের ও সর্ব প্রকার শক্তির উৎপাদক। এঞ্জিনে অল্প কয়লা দিলে, তাহা যেমন অধিকক্ষণ চলে না, সেইরূপ সদ্বেষ্ট পরিমাণ খাদ্যাদি না পাওল আমাদের শর্বারও অধিক কাল কালা করিতে পারে না। খাদ্যের অভাব হচ্ছে শর্বীর ক্রমশঃ দলহীন ও কৃশ হইতে গাকে এবং অল্প কালের মধ্যেই গুড়া ঘটে। জীবন ধারণ, দেহের বলবৃদ্ধি ও স্বাস্থ্য রক্ষার জন্য সকলেরই উপযুক্ত খাদ্যের প্রয়োজন।

খাদ্যের বিভিন্ন উপাদান

খাতুসব্যসমূহের রাসায়নিক বিশ্লেষণে শরীর-গঠনোপযোগী পাঁচ প্রকার উপাদান প্রাপ্ত হওয়া যায়। যথা—(১) প্রোটিড় বা আমিষ জাতীয়, (২) ফ্যাট বা স্লেহ জাতীয়, (৩) কার্বোহাইড্রেটস্ বা শালি (গ্রেতসার ও শর্করা) জাতীয়, (৪) লবণ জাতীয় ও (৫) জল।

আমিষ জাতীয় উপাদানে—(ক) শরীরের পুষ্টিসাধন করে, (খ) শরীরস্থ দহন ক্রিয়া নিয়মিত করে এবং (গ) শরীরে তাপ উৎপাদন করে। মৎস্য, মাংস, ছানা, দাল প্রভৃতি আমিষ উপাদান

খাতু হইতে আমরা আমিষ উপাদান প্রাপ্ত হই। আমিষ জাতীয় খাদ্যের অভাব হইলে পেশীসমূহ দুর্বল হইয়া পড়ে, অস্থি সকল ভঙ্গপ্রবণ হয় এবং শরীরের যন্ত্রাদি ক্ষীণবল হইয়া যায়। আমাদের দেহ চক্ষুর অগোচর, অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র কোষ দ্বারা নির্মিত। এই কোষগুলি প্রোটোপ্লাজম্ নামক নাইট্রোজেন-প্রধান বস্তু দ্বারা গঠিত। আমিষ জাতীয় খাদ্য অধিক পরিমাণে নাইট্রোজেন থাকায় ইহারা এই কোষগুলির গঠন করে। আর কোন জাতীয় খাদ্যের দ্বারা কোষ গঠন ক্রিয়া সম্পাদিত হইতে পারে না। এই কারণে শরীরের গঠনের জন্য আমিষ জাতীয় খাদ্য অত্যাবশ্যক।

স্নেহজাতীয় উপাদানে চর্বির প্রস্তুত এবং দেহের উত্তাপ ও জেজ
উৎপাদন করিয়া থাকে। মৎস্য ও মাংসের চর্বি, স্বত, তৈল
স্নেহ উপাদান

প্রভৃতি স্নেহ জাতীয় খাদ্য। আমিষ ও শালি-
জাতীয় খাদ্য অপেক্ষা স্নেহজাতীয় খাদ্যের তাপ
উৎপাদিক শক্তি অনেক অধিক। স্নেহজাতীয় খাদ্য হইতে দেহে
চর্বির সঞ্চিত হইয়া থাকে। শীত প্রধান দেশবাসীগণের খাদ্যে স্নেহ
উপাদানের মাত্রা অধিক থাকিতে দেখা যায়। শিশুদের খাদ্যে
স্নেহজাতীয় উপাদানের অভাব হইলে তাহাদের রিকেটস্ নামক ব্যাধি
দ্বারা আক্রমণের সঁস্তাবনা হইয়া থাকে। অনেকে বলেন এই
কারণে পরিণত বয়সে তাহাদের মস্তিষ্ক ও স্নায়ুমণ্ডলী দুর্বল
হইয়া যায়।

শালিজাতীয় উপাদানে স্নেহজাতীয় খাদ্যের স্থায় চর্বির প্রস্তুত
এবং দেহের উত্তাপ ও জেজ উৎপাদন করিয়া থাকে এবং তৎ-

শালি উপাদান
পরিবর্তে ব্যবহৃত হইতে পারে। চাউল, গম,
ভুট্টা, আলু, এরাকুট, চিনি প্রভৃতি শালিজাতীয়।
এই জাতীয় খাদ্যই আমাদের প্রধান খাদ্য।

লবণজাতীয় উপাদানে অষ্টি প্রস্তুত ও পরিপাক ক্রিয়ার সহায়তা
করিয়া থাকে। সাধারণ লবণ এবং ফলমূল ও শাকসবজি মধ্যস্থ
লবণ উপাদান
ফস্কেট-অফ-লাইম, পটাস, সোডা ও মাংসস্থিত
গন্ধক প্রভৃতি পদার্থ লবণজাতীয়। শরীরের
লবণজাতীয় পদার্থের আবশ্যকতা অল্প এবং আমাদের সাধারণ খাদ্যে
এই উপাদান ঘথেষ্ট পরিমাণ থাকে বলিয়া প্রায়ই কোন অভাব ঘটে

না। লবণ খাদ্যদ্রব্যে অল্প পরিমাণে বা একেবারে না থাকিলে কার্ডি নামক রোগ উপস্থিত হয়। আমাদের মুখ নিঃস্ত লালা ও পাকশূলী নিঃস্ত রসের পরিপাক শক্তি লবণের উপর নির্ভর করে। ফলমূল শাকসজ্জিতে লবণের প্রাচুর্য হেতু তাহারা আমাদের স্বাস্থ্যের পক্ষে বিশেষ উপকারী।

জল দ্বারা রক্ত তরল গাকে, শরীরের মধ্যে ভুক্ত বস্তুর পরিপাক হয় এবং তাতা হইতে শরীরের পুষ্টি ও কায়করী শক্তি লাভ

সকল

জলের সহিত ঘর্ষণ ও গৃতাদিরূপে বাহির হইয়া থায়। সকল খাদ্যদ্রব্যেই অল্পাধিক পরিমাণে জল থাকে; ইহা বাতীত পৃথক ভাবেও আমরা জল পান করি। জলের অভাব হইলে আমাদের পরিপাক ও পোষণ কাবোর ব্যাধাত হয়, মাংসপেশী সকল এবং স্বায়মণ্ডলী নিস্তেজ হইয়া থায়, শরীর শুক ও শক্ত হইতে থাকে। রক্ত গাঢ় হওয়াতে শরীরের দৃষ্টিপদার্থসমূহ বাহির হইতে পারে না ও দেহ শীতল রূগ্ন হইয়া পড়ে।

অল্পকাল হইল নানারূপ পর্যাক্ষ দ্বারা প্রমাণিত হইয়াছে যে, খাদ্য যথেষ্ট পরিমাণে আমিষ, মেহ, শালি ও লবণ উপাদান গাকিলেই যে শরীরের সম্যক পুষ্টি হয়, তাহা নহে। আমাদের খাদ্য এমন আর কতকগুলি পদার্থ আছে, যেগুলি শরীরের পুষ্টির পক্ষে নিতান্ত আবশ্যিক। এই সকল পদার্থের উপাদান বিষয়ে আমরা বিশেষ জ্ঞাত নহি। এই পদার্থগুলিকে ভাইটামিন বলা হয়। শিশু এবং বৰ্কনশীল

বালকদের জন্য এই ভাইটামিনের আবশ্যিকতা সর্বাপেক্ষা অধিক।
পরীক্ষায় প্রমাণিত হইয়াছে যে, মৎস্য ও পঙ্কী ডিস্ট্রি, টাটকা চুম্ব,
অঙ্গুরিত ছোলা প্রভৃতি বন্ধনশীল জৈব ও উষ্ণিঙ্গি খাদ্যে ভাইটামিন
অধিক থাকে। খাদ্যে ভাইটামিনের অভাব হইলে রিকেটস্,
বেরি বেরি ও স্কার্বি প্রভৃতি রোগ উৎপন্ন হয়। বেরি বেরি রোগ
সম্বন্ধে যে সকল পরীক্ষা হইয়াছে, তাহাতে দেখা যায় যে, মাজা
চাউল ব্যবহারে এই রোগ জন্মে। চাউলের উপরকার স্তর মাজিবার
সময় নষ্ট হইয়া যায়। উপরিস্তরেই ভাইটামিন থাকে। এই
কারণে মাজী চাউল অপেক্ষা আগাজা চাউল অধিক পুষ্টিকর।
চাউল বাত্তাত অপরাপর খাদ্যেও অল্ল-বিস্তর ভাইটামিন আছে।
সবল খাদ্যের ভাইটামিন একপ্রকার নহে। রক্তনের সময় অনেক
ভাইটামিন নষ্ট হইয়া যায়। এই জন্য খাদ্যে কিছু কাঁচা জ্বর
পাকা আবশ্যিক। পেটেণ্ট ফুড ও চুম্ব প্রস্তরের প্রক্রিয়ায় তাহাদের
ভাইটামিন নষ্ট হইয়া যায়। এইজন্য যে সকল শিশু এই সকল
শাশ্য দ্বারা পালিত হয়, ভাইটামিনের অভাব জন্য অনেক সময়
তাহারা রিকেটস্ রোগে আক্রান্ত হইয়া থাকে। কলে-ভাঙ্গা
সাদা আটা অপেক্ষা জাঁতার লাল আটায় অধিক ভাইটামিন আছে।
মাংসের জুসেও অল্ল ভাইটামিন পাওয়া যায়। ভাইটামিনের
অভাবে কি কি রোগ হইতে পারে তাহা এখনও সম্যক অবগত
হওয়া যায় নাই।

খাদ্যের পরিপাক প্রণালী

গৃহীত খাদ্যস্রব্যগুলি শরীরের কার্যে লাগিবার পূর্বে তাহাদের নানারূপ পরিবর্তন বা রূপান্তর গ্রহণ আবশ্যিক। যে ক্রিয়ার প্রভাবে খাদ্যস্রব্য পরিবর্তিত বা রূপান্তরিত হয় তাহার নাম পরিপাক ক্রিয়া। সংক্ষেপে পরিপাক ক্রিয়ার বর্ণনা করা হইল।

শরীরের কতিপয় যন্ত্র দ্বারা পরিপাক ক্রিয়া সম্পন্ন হয়। যন্ত্রগুলির সাধারণ নাম ডাইজেস্টিভ সিস্টেম (Digestive System) অথবা পরিপাক যন্ত্রাবলী। পরিপাক পরিপাক যন্ত্রাবলী একটা সুদীর্ঘ নলের ন্যায়। এই নলের আয়তন সর্বব্রত সমান নহে, ইহা মধ্যে মধ্যে স্ফীত হইয়া ব্যেকট আধার রচনা করিয়াছে। পরিপাক নলের পূর্ব প্রান্তে আমাদের মুখ এবং শেষ প্রান্তে মলব্বার।

মুখগহ্বরে খাদ্য স্রব্য চর্বিত হইয়া থাকে। দুই পাটি দন্ত চর্বণ বা পেষণ যন্ত্র। ইহারা খাদ্যস্রব্য মুখে পাইবামাত্র ছিন্ন-
দন্ত ও জিহ্বা দন্ত ও জিহ্বা নিষ্পেষিত করিয়া ফেলে। এই সময়ে
জিহ্বা বিচ্চিরি ভঙ্গিতে নড়িয়া চড়িয়া বিক্ষিপ্ত
খাদ্যাংশগুলিকে দন্তের সামনাধ্যে আনিয়া দিয়া তাহাদের কার্যের
বিশেষ সহায়তা করে। চর্বণ ক্রিয়া সুসম্পন্ন না হইলে খাদ্য-
স্রব্য উত্তমরূপে পরিপাক পাইতে পারে না।

মুখমধ্যে কতকগুলি গ্রন্থি আছে, তাহাদিগের নাম লালা গ্রন্থি
(Salivary Glands)। খাদ্য চর্বণ কালে এই সকল গ্রন্থি
হইতে লালা শ্রাব হইয়া থাকে। সুস্বাদ ও
লালা র কাষ

অন্নযুক্ত খাদ্য সামগ্ৰী ভক্ষণ কৱিলে অধিকতর
লালা নিঃস্ত হয়। লালা শ্রাবণযুক্ত ও ইহাতে ‘টায়ালিন’
(Ptyaline) নামক একটি জারক পদাৰ্থ আছে। খাদ্যের
শেতসার ভাগের পৰিপাকে ইহার বিশেষ সহায়তা লইতে হয়।
খাদ্য অতি শীতল বা উষ্ণ হইলে টায়ালিনের কাৰ্য্যেৰ ব্যাঘাত
ঘটে। খাদ্যের শেতসার ভাগ প্ৰথমতঃ অদ্রবনীয় থাকে; কিন্তু
উহার সহিত লালা উত্তমৱৰ্গে মিশ্ৰিত হইলে সমস্ত শেতসার
দ্রবনীয় শৰ্কৰায় (Maltose) পৱিণ্ঠ হইয়া যায়। টায়ালিনেৰ
ক্ৰিয়া কতক মুখ মধ্যে এবং কতক পৱিষ্ঠাগে পাকস্থলীৰ পূৰ্ব-
ভাগে সম্পূৰ্ণ হয়। খাদ্যদ্রবা সান্দেহনে ভালৱৰ্গে চৰ্বণ না,
কৱিলে লালাৰ্শাৰ হয় না এবং পৱিপাকেৰ ব্যাঘাত ঘটে। আমাদেৱ
খাদ্য শেতসারেৰ ঘেৰপ প্ৰাধান্ত তাহাতে উত্তমৱৰ্গে চৰ্বণ কৱা
একান্ত আবশ্যিক।

খাদ্যদ্রব্য চৰ্বিত ও লালাৰ সহিত মিশ্ৰিত হইয়া ইসোফেগস্
(Oesophagus) বা অন্ননালী বহিয়া পাকস্থলীতে উপস্থিত হয়।

অন্ননালী

অন্ননালী অতি সকীৰ্ণ ও দৈৰ্ঘ্যে ৯ ইঞ্চি।

ইহা মুখগহৰেৰ শেৰভাগস্থিত ফেরিংজিঃ
(Pharynx) বা কৃষ্ণ-কক্ষ হইতে আৱস্থ হইয়া পাকস্থলীতে গিয়া
শেষ হইয়াছে। অন্ননালীৰ মুখেৰ সম্মুখ ভাগে আসন্ননালীৰ মুখ

অবস্থিত। যাহাতে ভুক্তদৃশ্য নির্দিষ্ট পথভ্রন্তি হইয়া শ্বাসনালীর মধ্যে প্রবেশ না করে সে জন্য শ্বাসনালীর উপরিভাগে জিহ্বামূলের নাচে উপাস্থি নির্ণিত অঙ্গুলীর অগ্রভাগের ন্যায় আকৃতি বিশিষ্ট একটি যন্ত্র আছে। ইহার নাম এপিগ্লোট্রিস (Epiglottis) বা অঞ্চলোধিকা। খাদ্য বা পানীয় গলাধিকৃত হইলামাত্র অঞ্চলোধিকা বায়ু বা শ্বাসনালীর মুখ বন্ধ করিয়া দেয়; স্তুতরাঃ তাহারা অবাধে ইহার উপর দিয়া অঞ্চলীর মধ্যে প্রবিষ্ট হয়। খাদ্যাংশ কোনরূপে শ্বাসনালীর মধ্যে প্রবেশ করিলে আমাদের এমন ‘বিষণ্ণ লাগে’ বে ঝাঁচিয়া কাসিয়া অস্থির হইতে হয়।


পরিপাক নলের মধ্যে ষষ্ঠমাক (Stomach) বা পাকশ্বলী
সর্ববাপেক্ষা বড় আধার এবং পরিপাক ক্রিয়ার প্রধান স্থান। উপরে

পাকশ্বলী অঞ্চলীর সঙ্গে এবং নিম্নে ডিওডিনম্ নামক
অন্ত্রের সঙ্গে ইহা সংযুক্ত। ব্যক্তিগতে এবং

বিশ্ফারণের পরিমাণ ভেদে পাকশ্বলীর আয়তনের বিভিন্নতা দেখা যায়। যখন মধ্যমাকারে বিশ্ফারিত হয় তখন ইহা দৈর্ঘ্যে প্রায় ১২ ইঞ্চি এবং প্রস্থে ৪ ইঞ্চি। পাকশ্বলী প্রধানতঃ পেশীসমূহ দ্বারা গঠিত। খাদ্য ভিত্তে প্রবিষ্ট হওয়া মাত্র পেশীতন্ত্রগুলির নির্যাপিত আকৃতিন প্রভাবে ক্রমশঃ সম্মুখে অগ্রসর হয়। পাকশ্বলী মধ্যে পেপ্সিন, হাইড্রোজেরিক এসিড, রেনিন্ প্রভৃতি জীর্ণকর রস উৎপন্ন হইয়া থাকে। পাকশ্বলীর পূর্বভাগে অর্ধাং অঞ্চলীর সহিত সংযোগ স্থলে কোনরূপ রস নির্গত হয় না। মধ্যভাগে পেপ্সিন্, হাইড্রোজেরিক এসিড এবং নিম্নভাগে অর্ধাং যাহার থেরে ডিওডিনম

আরম্ভ সেই স্থলে কেবল মাত্র পেপ্সিন্ নির্গত হয়। পাকস্থলীর রসের ক্রিয়া বলে খাদ্যের আমিষ জাতীয় উপাদানের পরিপাক ক্রিয়া সম্পন্ন হইয়া থাকে। রস নির্গমনের কোনরূপ ব্যক্তিক্রম ঘটিলে আমাদিগকে অল্প বা অজীর্ণতায় ভুগিতে হয়। মানসিক প্রফুল্লতা পাকিলে এবং আমিষ জাতীয় খাদ্য গ্রহণে পাকস্থলীর রসের পরিমাণ অধিক হইতে দেখা যায়। পেপ্সিন্ ও হাইড্রোক্লোরিক এসিড যুক্তভাবে আমিষ জাতীয় খাদ্যের উপর ক্রিয়া করিয়া তাহাকে পরিপাক করে। অতিশয় শীতলতা বা উষ্ণতায় ইহাদের কাষ্য হইতে পাকর না। ক্রিয়া প্রভাবে অদ্রবন্িয় আমিষ উপাদান দ্রবন্িয় পেপ্টোনে (Peptone) পরিবর্তিত হয়। অধিক পরিমাণে পেপ্টোন ডিওডিনমে চালিত হয় এবং সামান্য পরিমাণে পাকস্থলীতে শোষিত হইয়া যায়। কয়েক জাতীয় আমিষ উপাদান আছে তাহাদের পাকস্থলীর রসে কোন পরিবর্তন হয় না, তাহারা অন্ত মধ্যে গিয়া পরিপাক পায়। দৃঢ় পাকস্থলী মধ্যস্থ রেনিন্ রসের ক্রিয়া প্রভাবে প্রথমতঃ জমাট বাঁধে, পরে হাইড্রোক্লোরিক এসিড ও পেপ্সিন্ সাহায্যে পরিপাক হইয়া থাকে। পাকস্থলী মধ্যে স্নেহজাতীয় খাদ্যের কেন্দ্রূপ পরিবর্তন ঘটে না। এ সম্বন্ধে অনেক বিভিন্ন মতও আছে।

পাকস্থলীর মধ্যস্থ ক্রিয়া শেষ হইলে যখন তাহার শেষভাগে অধিক অল্প হয়, তখন পাকস্থলী ও ডিওডিনমের মধ্যের দ্বারা আপনি খুলিয়া যায় এবং অর্ধ জীর্ণ খাদ্য সামগ্রী অল্প অল্প করিয়া ডিওডিনমের ভিতর প্রবেশ করে। এ সময়ে সর্বব প্রথমে শালি উপাদান তৎপরে আমিষ উপাদান এবং শেষে স্নেহ উপাদান চালিত হইয়া থাকে।



ପରିପାକ ଷତ୍ରାବଳୀ

- ୧। ଲାଲାଗ୍ରହି, ୨। ଶମନାଲୀ, ୩। ଅନ୍ତରାଲୀ, ୪। ପିତକୋବ, ୫। ପାକହଲୀ,
୬। ସ୍ଵର୍ଗତ, ୭। ଅଗ୍ନାଶର, ୮। ଡିଉଡ଼ିଲମ, ୯। ଦୁହଦସ୍ତ, ୧୦। କୁଜାତ୍ର, ୧୧। ଏପେନ-
ଡ଼ିମ, ୧୨। ମଲନାଲୀ, ୧୩। ମଲଧାର ।

ডিওডিনম (Duodenum) নল দৈর্ঘ্যে ১০ অঙ্গুলী পরিমাণ। সেই জন্য ইংরাজিতে ইহার এই নামকরণ হইয়াছে। অন্তরের মধ্যে

ডিওডিনম অংশে যেরূপ পরিপাক ক্রিয়া সম্পন্ন
হয়, অন্য কোন অংশে আর সেরূপ হয় না। এই

স্থানে ডিওডিনম, অগ্ন্যাশয় (Pancreas) এবং যকৃত (Liver) রসের মিলন হইয়া থাকে। মুখমধ্যস্থ লালা ও পাকস্থলী মধ্যস্থ
রস সমূহের ক্রিয়ায় খাদ্যের যে অংশ পরিপাক পায় না, তাহা
এই স্থানের তিনটি রসের সাহায্যে পরিপাক হইয়া কেবলমাত্র
সামান্য অবশিষ্ট অংশ ক্ষুদ্রান্তে চালিত হইয়া থাকে। ডিওডিনমের
রস ক্ষারণ্তর যুক্ত। অগ্ন্যাশয় রসে ট্রিপ্সিন, এমিলপ্সিন্ ও
ষ্টিপ্সিন এই তিনটি জারক দ্রব্য আছে। কেহ কেহ বলেন
রেনিন ও ইহাতে থাকে।

ট্রিপ্সিন আমিষ জাতীয় খাদ্যের উপর ক্রিয়া করিয়া থাকে।
পাকস্থলীস্থিত পেপ্সিন অপেক্ষা ইহার শক্তি অধিক। পেপ্সিন
সাহায্যে পরিপাক প্রাপ্ত আমিষকে ইহা এমাইনো এসিডে (Amino
Acid) পরিণত করিয়া রক্ত মধ্যে চালিত হওয়ার সহায়তা
করে। যে সমস্ত আমিষ উপাদান পেপ্সিন পরিপাক করিতে
পারে না, তাহাদিগকে ট্রিপ্সিন পরিপাক করিয়া দেয়।

এমিলপ্সিন শালি-জাতীয় খাদ্যের উপর ক্রিয়া করিয়া থাকে।
মুখ মধ্যে টায়ালিনের সাহায্যে যাহা পরিপাক না হয় তাহা এমিলপ্-
সিনের দ্বারা মলটোজ (Maltose) শর্করায় পরিণত হয় এবং
নিম্ন অন্তরের রসের সাহায্যে ডেক্সট্রোজে (Dextrose or

Simple Sugar) পরিণত হওয়ায় রক্ত মধ্যে চালিত হউবার
সুবিধা ঘটে।

চিপ্সিন বা লাউপেজ, স্নেক-জার্টায় খাদ্যের উপর ক্রিয়া
করিয়া থাকে। ইহার ক্রিয়া প্রভাবে এবং যকৃতের পিণ্ড রাসের
সংযোগে পরিবর্তিত হইয়া স্নেক সামগ্ৰী অভাস্তুরে শোষিত হইতে
আৱস্থা হয়।

ডিওডিনমের শেষ হইতে ক্ষুদ্রাত্মা আৱস্থা হইয়া আছে। ইহার দৈর্ঘ্য
প্ৰায় ২০ কিট ও প্ৰসাৱ পৌনে এক উৎপি। এই অক্ষুণ্ণ ভাস্তু স্থান

ক্ষুদ্রাত্মা
খাদ্যে জড়িত অবস্থায় থাকে। ক্ষুদ্রাত্মের রাসে
খাদ্যের শেষ পরিপাক ক্রিয়া সাধিত হয়।
পরিপাক প্রাপ্ত খাদ্যের সার শোষণ ক্রিয়াই। ক্ষুদ্রাত্ম মধ্যে
প্ৰধান ভাবে সম্পূর্ণ হইয়া থাকে। সার ভাগ শোষিত হউবার
পৰ যে দ্রব্য অবশিষ্ট থাকে তাহা প্ৰধানতঃ সেলুলোজ ও
অজ্ববনীয় পরিহার্য পদাৰ্থের সমষ্টি মাত্ৰ। ক্ষুদ্রাত্মের রাসে
পরিপাক পায় না এমন দ্রব্যও কিছু কিছু এই অসার দ্রব্যের
সহিত থাকিতে দেখা যায়।

ক্ষুদ্রাত্ম পরিভাগ কৰিয়া অসার বন্দু সকল ক্ৰমশঃ বৃহদন্ত্রে
প্ৰবেশ কৰে। বৃহদন্ত্র দৈয়ো ৬ কিট এবং ইহার প্ৰসাৱ ক্ষুদ্রাত্ম

বৃহদন্ত্র
অপেক্ষা অনেক অধিক। ইহা ক্ষুদ্রাত্মের শেষ ভাগ
হইতে আৱস্থা হইয়া মলদ্বাৰে শেষ হইয়াছে।

ক্ষুদ্রাত্ম ও বৃহদন্ত্রের সংযোগ স্থানে একটি পেশীময় দ্বাৰা আছে।
এই দ্বাৰা আপনি মুক্ত হইয়া ক্ষুদ্রাত্মের পরিত্যক্ত দ্রব্য, বৃহদন্ত্রে

প্রেরণ করে ; কিন্তু বৃহদন্ত্রের কোন দ্রব্য ক্ষুদ্রান্ত্রের মধ্যে পুনঃ
প্রবেশ করিতে পারে না । দ্বারের নীচে বৃহদন্ত্র সংলগ্ন একটা
কীটাকার অস্ত্রশাখা আছে । ইহাকে এপেন্ডিসি (Vermiform
Appendix) বলে । এই এপেন্ডিসি শৃঙ্গগর্ভ, কিন্তু ইহার
নিম্নভাগে কোন নির্গম পথ নাই, কেবল সংযোগ স্থলে একটি
ডিস্ট আছে । ইহার কোনরূপ প্রদাহ ঘটিলে লোকে যত্নণাদায়ক
এপেন্ডিসাইটিস (Appendicitis) রোগে আক্রান্ত হয় ।

বৃহদন্ত্র প্রদিষ্ট অসার দ্রব্যের জলীয় অংশ ক্রমশঃ শোষিত
হইয়া যায় এবং তাহা গাঢ় ও কঠিন হইয়া মলে পরিণত হয় ।
এই সময় বৃহদন্ত্র মধ্যস্থ জীবাণুর (Bacterium) ক্রিয়া ফলে
উৎপন্ন ইঞ্জল (Linctus), ক্ষেটল (Skatol) ইতাদি দুর্গন্ধময়
পদার্থের সংযোগে মল দুর্গন্ধযুক্ত হইয়া থাকে । পরে যথাসময়ে
অস্ত্রগঠনের মাংসপেশীর সঙ্কোচন ও প্রসারণ ক্রিয়ার প্রভাবে
মলদ্বার পথে মল শর্কারের বাহিরে নিষিক্ষিত হয় ।

মুখগহ্বর হইতে আরম্ভ করিয়া খাদ্যের ক্রমশঃ পরিপাক
প্রাপ্তির পর অসার দ্রব্য মলদ্বার পথে বাহির হইয়া যাইতে মোট
“রূপাক ক্রিয়া” ১৮ ঘণ্টা সময় লাগে । তন্মধ্যে পাকস্থলাতে ৩
সংশ্লেষণ ক্ষেত্র ১৮ ঘণ্টা, ক্ষুদ্রান্ত্রে ১২ ঘণ্টা এবং বৃহদন্ত্রে (বিভিন্ন
অংশে মোট) ১৩ ঘণ্টা অতিবাহিত হয় ।

পরিপাক ৪ই ঘণ্টাতেই সমাধা হয়, কিন্তু অসার অংশ
মলকূপে বাহির হইয়া যাইতে বাকি ১৩ ঘণ্টা সময় লাগিয়া
থাকে ।

খাদ্য সমূহের গুণাগুণ

খাদ্য সমূহের গুণাগুণ 'নির্কারণ' করিতে হইলে তাহাদের রাসায়নিক বিশ্লেষণ ফল জানা আবশ্যিক। সর্ববিশেষ অধ্যায়ে বাঙালীর সাধারণ খাদ্য সমূহের রাসায়নিক বিশ্লেষণ ফল প্রদত্ত হইয়াছে। এটি অধ্যায়ে তাহাদের গুণাগুণ বর্ণিত হইল।

চাউল

চাউল আমাদের সর্বপ্রধান খাদ্য সামগ্ৰী। বিভিন্ন নামের অসংখ্য প্রকারের চাউল এদুশে উৎপন্ন হইয়া থাকে। বিভিন্ন চাউলের রাসায়নিক বিশ্লেষণে উপাদানগত বিশেষ কোন পার্থক্য দেখা যায় না। যে পার্থক্য দৃষ্ট হয় তাহা অতি সামগ্ৰ্য।

শালিজাত্তীয় খাদ্যসমূহের মধ্যে চাউলই সর্বপ্রধান। ইহাতে শতকরা ৮০ ভাগই শালি (শ্বেতসার) উপাদান বৰ্তমান।

ধান্য হইতে চাউল বাহির করিলে, চাউলের উপর একটি লাল বর্ণের পাতলা আবরণ দেখিতে পাওয়া যায়। কলে মাজিবার সময় চাউলের উপকার এই আবরণ নষ্ট হয়, ইহাতে 'ভাইটামিন' থাকে। পুষ্টিকারিতার জন্য এই ভাইটামিনের প্রয়োজন অধিক। বিশেষভঙ্গের মতে, মাজা চাউল অপেক্ষা আমাজা চাউল যে অধিক পুষ্টিকর সে বিষয়ে সন্দেহ নাই। নূতন চাউল অপেক্ষা পুরাতন চাউল অধিক শুক্র, পুষ্টিকর

এবং সহজ পাচা। সিন্ধু ও আতপ চাউলে গুণগত বিশেষ কোন পার্থক্য লক্ষিত হয় না।

সুসিন্ধ করিলে চাউল সহজেই পরিপাক পায়। চাউলের প্রায় সমস্ত সার অংশ শরীর মধ্যে গৃহীত হইয়া থাকে। বস্তুতঃ প্রেতসার ভাগের কিছুই পরিত্বক্ত্ব হয় না। পরিপাকের পর যে সকল খাদ্যের অতি অল্পমাত্র অবশিষ্ট অংশ বুহদন্তে পরিত্বক্ত্ব হয়, চাউল তাহাদের মধ্যে অন্যতম।

চাউল হইতে প্রস্তুত খাদ্য সমূহের মধ্যে ভাত সহজে প্রস্তুত হয়। *ভাত বাঙালীর প্রধান ও প্রিয় খাদ্য। এক

সের চাউল সিন্ধ করিলে তিনসের ভাত হয়।

*ভাতের নিষ্ঠেষণে নিম্নলিখিত উপাদান সমৃহ প্রাপ্ত হওয়া যায়।

আমিষ- ২.৮

শালি- ৫৭.২

লবণ --০.২৮

জল -- ৩৯.৭২

ভাতের উপাদানের প্রতি লক্ষণ করিলেই বুঝা যায় যে, ইহাতে আমিষ জাতীয় ও লবণ জাতীয় উপাদান অতি অল্প এবং স্নেহ জাতীয় উপাদানের অভাব। এইজন্য কেবলমাত্র ভাত না খাইয়া তৎসঙ্গে যে সকল খাদ্য উপরোক্ত উপাদান সমৃহ অধিক আছে, তাহা (যেমন দাল, মৎস্য, মাংস, চুঙ্গ, ঘুড় এবং শাকসজ্জি ইত্যাদি) গ্রহণ করা আবশ্যক।

সাধারণের ধারণা এই যে, কেন ফেলিয়া দিলে ভাতের অনেক সার অংশট বাহির হইয়া যায়। ইহা ভুল ধারণা।

ফেন ফেলিয়া দিলে ভাতের লবণজাতীয় উপাদানের
ত্বক করিবার জন্য উপাদান নামমাত্রই নষ্ট
হইয়া থাকে। লবণ উপাদান রক্ষা করিবার জন্য, ফেন ফেলিতে
না হয় এরূপ মাত্রায় জল দিয়া চাউল বাস্পে সিঙ্ক করিয়া
লওয়া যাইতে পারে। ফেনে নিম্নলিখিত উপাদান পাওয়া যায়।

আমিষ ০.৬

লবণ - ১৪

শালি - ০.৮

জল - ৯৭.৫

নৃতন চাউলের ফেন ঘন হয় এবং কিছুকাল পরে জমিয়া
যায়। পুরাতন চাউলের ফেন পাতলা হয়। এবং জমে না।
ইহাদের রাসায়নিক উপাদান প্রায়ই সমতুল্য।

ভাতের পরই মুড়ির প্রচলন অধিক। মুড়িতে নিম্নলিখিত
মুড়ি উপাদান পাওয়া যায়।

| আমিষ | শালি | স্নেহ | লবণ | জল |
|------|------|-------|-----|------|
| ৫.৯ | ৮২.৪ | ০.৩ | ১.৩ | ১০.১ |

ভাজিবার পূর্বে চাউলে লবণ মিশ্রিত করা হয় বলিয়া
মুড়িতে অধিক পরিমাণ লবণ থাকে। মুড়ি উন্নমনে চিবাইয়া
থাইতে হয়। চিবাইবার সময় প্রচুর পরিমাণে লাঠা মিশ্রিত
হওয়ায় ইহা সহজে পরিপাক পাইয়া থাকে।

চিঁড়ি সাধারণতঃ গুরুপাক। ভাজিয়া লইলে ইহা অপেক্ষাকৃত
লঘুপাক হইয়া থাকে। বৈ রোগীর পথ্যরূপেই অধিক ব্যবহৃত
হয়। বৈ বিশ্লেষণে পরে লিখিত উপাদান সমূহ
চিঁড়ি, বৈ

| আমিষ | শালি | লবণ | জল |
|------|------|-----|------|
| ৪.৭ | ৭৯.৮ | ০.৮ | ১৪.৭ |

মূল্যবান পেটেন্ট ফুডের পরিবর্তে রোগীকে খৈ-মশু পথা দিয়া
অনেকস্থালে সমান বা অধিক কল পাওয়া যায়।

গোধূম বা গম পৃথিবীর অধিকাংশ স্থলেই প্রধান খাদ্যরূপে
ব্যবহৃত হইয়া পাবে। বাঙ্গলাদেশেও গমের ব্যবহার ক্রমশঃ বৃদ্ধি
পাইতেছে। • •

চাউলের সহিত তুলনায় গমে আমিষ, স্নেহ ও লবণ জাতীয়
উপাদান অধিক, কিন্তু শালিজাতীয় (শ্বেতসার) উপাদান অল্প।

গম ভাস্তিয়া তাহা হইতে ময়দা, আটা, শুজি প্রস্তুত করা হয়।
শুজিতে আমিষ উপাদান অধিক। ইহা ময়দা ও আটা অপেক্ষা
মহল, অ'টা, শু'জি

পুষ্টিকর। যাঁতায় ভাঙ্গা আটায় আমিষ,
স্নেহ ও লবণ উপাদান অধিক থাকে।

ইহা ময়দার স্থায় সহজপাচা রুহে। যাঁতার আটায় ভুসির ভাগ
অধিক থাকে বলিয়া ইহাতে কোষ্ঠ পরিষ্কার হয়।

বিভিন্ন প্রদেশে রুটি প্রস্তুত করিবার প্রণালী ভিন্ন প্রকারের।
আটা, ময়দা বা শুজি তিনেরই রুটি হইতে পারে। আটার
রুটিটি সুস্বাদু। অনেক সময় রুটি প্রস্তুত
করিতে ময়দা, আটা বা শুজি সিক করিয়া লওয়া
হয়। সাধারণ রুটিতে প্রায় ১৫ হইতে ২৮ ভাগ জল থাকে।

সিঙ্ক করা রুটিতে জলের পরিমাণ ৩৬ হইতে ৪০ ভাগ। সিঙ্ক করা রুটির মধ্যে সুজির রুটিটি সর্ববাপেক্ষ সহজপাচা।

ময়দায় প্রস্তুত খাদ্যাদির মধ্যে লুচি বাঙালীর সর্ববাপেক্ষ প্রিয়। লুচি ভাজিবার সময় ময়দার ক্রতকাংশ দ্রবণীয় 'ডেক্সট্ৰিন'

নামক পদার্থে পরিণত হইয়া সুপাচা হয়।

সামান্য অংশ 'কেরামেলে' পরিবর্ত্তিত হইয়া থাকে। এই কেরামেলের জন্যট ভাজিবার সময় লুচি ইমৎ বাদামী রং ধারণ করে।

পাঞ্চাতা দেশে পাউরুটি প্রধান খাদ্য।^১ আমাদের মধ্যেও পাউরুটির আদর ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে। সেৰ্কিবার সময়

পাউরুটির বহির্ভাগের আমিষ উপাদান অত্যধিক

^{পাঞ্চাতা} তাপে জমাট দাঁধিয়া যায় এবং শ্বেতসার অংশ ডেক্সট্ৰিনে পরিণত হয়। তাপে কিয়ৎ অংশ ময়দা টুড়িয়া কেরামেলে পরিবর্ত্তিত হয় এবং লালবর্ণ ধারণ করে। অন্যান্য রুটি অপেক্ষা পাউরুটি লঘুপাক, সেজন্য ইহা রোগীর পথ্যরূপে অধিক সাবজ্যত হয়। সাধারণ পাউরুটি অপেক্ষা অগ্নিতে সেৰ্কা পাউরুটি আরও সহজপাচা হইয়া থাকে।^২

দাউল

দাউল বা দালে আমিষ উপাদান অত্যধিক মাত্রায় বর্তমান থাকে। কয়েকটি দালে এই উপাদানের মাত্রা মাংসেষ্ঠিত মাত্রায় অপেক্ষাও অধিক।

এদেশে অনেক প্রকারের দাল ব্যবহৃত হয়। মসূর, মুগ, ছোলা প্রভৃতি দালে আমিষ উপাদানের মাত্রা অন্যান্য দালের তুলনায় অধিক থাকে, সেজন্য এগুলি অপেক্ষাকৃত অধিক বলকারক। মুগ দাল অপেক্ষাকৃত সহজে পরিপাক পায় এবং সেজন্য অনেক স্থলে রোগীর পথ্যরূপে ব্যবহৃত হওয়া থাকে। মটর, খেসারি, অড়হর প্রভৃতি দাল শুরুপাক।

আমিষ অত্যধিক মাত্রায় থাকিলেও দালের এই উপাদানের সমস্ত অংশ আমাদের শরীর মধ্যে শোষিত হয় না। অনেক সময় স্তুসিঙ্ক ন্যান্সের আধিষ্ঠানিক উপাদান অন্যান্য দালের অধিকাংশ সারই শর্কারের বাহিরে পরিভাস্ত হয়। দাল আমাদের শর্কার পোষণে মৎস্য মাংসের অনুরূপ ক্রিয়া করিয়া থাকে। চাউলে আমিষ উপাদান অল্প। দাল সহযোগে অন্ন গৃহাত হইলে আমিষ উপাদানের অভাব নিবারিত হইয়া থাকে। দাল সাধারণতঃ শুরুপাক, অতি উত্তমরূপে সিঙ্ক না করিলে তাহা স্ফুরণ হয় না। দাল সিঙ্ক করিবার দোষের অনেক স্থলে লোকে সাধারণ দাল ভাত আহার করিয়াও অঙ্গীর্ণরোগে কষ্ট পায়। পুরাতন দাল সহজে সিঙ্ক হয় না।

ভিজান কাঁচা দাল অনেক সময় খাত্রূপে গৃহাত হইয়া থাকে। দাল বাটিয়া বড়া, বড়ি, পাঁপর প্রভৃতি প্রস্তুত করা হয়। প্রস্তুতের প্রক্রিয়ায় বড়ি অপেক্ষাকৃত সহজ পাচ হইয়া থাকে। চাউল ও দালের সহযোগে প্রস্তুত খিচুড়ি কিঞ্চিৎ শুরুপাক হইলেও বিশেষ পুষ্টিকর এবং মুখরোচক।

দুঃখ

দুঃখ আমাদের একটি প্রধান খাত। বয়স্কের পক্ষে দুঃখ অত্যাবশ্যক না হলেও, শিশুর বর্দ্ধন ও পুষ্টি কেবলমাত্র দুঃখের উপরই নির্ভর করে। দুঃখে থাঁচের সকল জাতীয় উপাদান বর্তমান থাকায় অনেকে দুঃখকে আমাদের আদর্শ খাত বলিয়া থাকেন। কিন্তু বৈজ্ঞানিকেরা তাহার সমর্থন করেন না। বয়স্কের উপযুক্ত খাতে যে উপাদান যে অনুপাতে পাকা আবশ্যক, দুঃখে তাহা নাই। দুঃখ শিশুরই উপযুক্ত খাত। রোগীর পথ হিসাবে দুঃখ সর্বোত্তম। পদ্মের উপযোগী আর কোন একটি খাদ্য কখনই ইহার সম মূলাবান নহে।

সাধারণতঃ গো-দুঃখেরই প্রচলন অধিক। অনেকে কাঁচা দুঃখ অধিক বলকারুক বলিলেও, তাহা উত্তমরূপে জ্বাল দিয়া সেবন করাই সুভিস্মত। কাঁচা দুঃখে নানাপ্রকার রোগ উৎপাদনকারী বীজাণু থাকিতে পারে। উত্তমরূপে জ্বাল দিয়া লাইলে বীজাণু বিনষ্ট হওয়ায় অনেক বাধির সন্তানে নিবারিত হইয়া থাকে।

দুঃখ পৃথকভাবে সেবন না করিয়া ভাত, রুটি বা অন্ত^{*} খাঁচের সহিত গ্রহণ করা ভাল। পরীক্ষায় প্রমাণিত হইয়াছে যে, বয়স্ক ব্যক্তি কেবলমাত্র দুঃখ সেবন করিলে শতকরা নব্যুক্ত ভাগ সারাংশ শরীরে শোষিত হইয়া বাকি মলের সহিত পরিত্যক্ত হয়। কিন্তু অন্ত খাঁচের সহিত গৃহীত দুঃখ সহজে পরিপাক পায় এবং সারাংশ অধিক পরিমাণে শরীরে শোষিত হইয়া থাকে।

উৎকৃষ্ট দধি অতি উপাদেয়। ‘লাক্টিক এসিড বাসিলস’
নামক এক প্রকার অম্ল-উৎপাদনকারী বীজাণুর ক্রিয়ায় দুঃ
জমিয়া এবং অম্লস্বাদ বিশিষ্ট হইয়া দধিতে
পরিণত হয়। দম্বলে এই বীজাণু থাকে।

প্রসিঙ্ক বৈজ্ঞানিক অধাপক মেটস্নিকফ পরীক্ষার দ্বারা প্রমাণ
করিয়াছেন যে, দধির লাক্টিক এসিড বীজাণু আমাদের অস্ত্র
মধুস্ত অনিষ্টকারী বীজাণু সমূহকে বিনষ্ট করিয়া স্বাস্থের বিশেষ
হিতসাধন করে। তাহার মতে, নিয়মিত দধি বাবহার করিলে
অকাল বার্দ্ধকোরি আক্রমণ হইতে নিষ্ঠার পাওয়া যায়।

দৃশ্যে যে ছানা ভাগ তরল ভাবে থাকে, দধিতে তাহা চাপ
বাধিয়া যায়। দুঃখ-শর্করার অনেকাংশ দধিতে ল্যাক্টিক এসিড
নামক অম্ল পদার্থে পরিণত হয় এবং অবশিষ্ট অংশ অবিকৃত
অবস্থায় থাকে। দুঃখস্থির মাথনভাগের দধিতে কোন পরিবর্তন
দেখা যায় না। দধির অম্লভাগ পরিপাকের ক্ষয়ে পরিমাণে
সহায়তা করিয়া থাকে।

অস্ত্রস্ত লোকদের পক্ষে জধিষ্ঠিত ছানাভাগ পরিপাক করা
শক্ত। ঐরূপ ক্ষেত্রে দধির পরিবর্তে ঘোলের নান্দনি করাই
কর্তব।

ছানা এবং ছানার দ্বারা প্রস্তুত নানাপ্রকারের শাষ্ট বিশেষ
উপাদেয় এবং পুষ্টিকর। দুঃখ-শর্করার অধিকাংশট ছানা প্রস্তুতের
সময় পরিত্যক্ত দৃশ্যের জলীয় অংশের সহিত
বাহির হইয়া যায়। দৃশ্যের মাথন তুলিয়া লইয়া

চান প্রস্তুত করিলে, তাহাতে স্নেহ ভাগ অন্নট থাকে। যত প্রকার আমিষ জাতীয় খাদ্য আছে, তন্মধো দুঃখের চান ই সর্ববাপেক্ষা অধিক পরিমাণে শরীর মধ্যে শোষিত হয়। মাংসের আমিষভাগ হইতেও ইহা উৎকৃষ্ট।

স্নেহ জাতীয় সকল প্রকার খাদ্যের মধ্যে মাথনই সর্ববাংকৃষ্ট, ইহা সহজেই শরীর মধ্যে গৃহীত হইয়া থাকে। মাথন জ্বাল দিয়া

যত প্রস্তুত করা হয়। আমাদের মধ্যে মাথন
মাঠের

অপেক্ষা ঘৃতের প্রচলনই অধিক। ঘৃত মাথনের ন্যায় সমগ্র সম্পদ কিন্তু অপেক্ষাকৃত গুরুপাক। •

আমিষ খাদ্যের মধ্যে মাংসই সর্বপ্রধান। এই বলকারক উক্তেজক খাদ্য পৃথিবীর প্রায় সকল অংশেই বিশেষ সমাদৃত। নানাপ্রকার প্রাণীর মাংস খাদ্যাঙ্গপে গৃহীত হইয়া থাকে। আমাদের দেশে সাধারণতঃ গো, মেষ, মৃগ ও ভাগ প্রভৃতি পশ্চ এবং কুকুট-হংস, কপোত প্রভৃতি পক্ষীর মৃৎস প্রচলিত। বিভিন্ন মাংসে উপাদানগত অন্নাধিক বিভিন্নতা দৃষ্ট হয়।

মাংসে চার ভাগের প্রায় তিনি ভাগ জল এবং এক ভাগ সার দ্রব্য বর্তমান। সার ভাগের মধ্যে আমিষ উপাদানেরই সর্ববাপেক্ষা আধিক্য। চর্বির ইচ্ছামত রাখিয়া বা বাদ দিয়া মাংসে স্নেহের পরিমাণের হাস বৃক্ষি করা যায়। মাংসে শালি উপাদান নাই।

গো-মাংস অপেক্ষা মেষ মাংস সহজে পরিপাক পায়, তাই
সাধারণ ধারণা। কিন্তু এ সম্বন্ধে প্রির করিয়া কিছু বলা যায় না।
চাগ ও মৃগ মাংস অপেক্ষাকৃত লব্ধপাক। অধিক পরিমাণ ব্রত
ও মসলা সহযোগে পাক করিলে সকল মাংসট গুরুপাক হইয়া
থাকে। কুকুট ও অন্যান্য পক্ষীর মাংস, সকল পশ্চ মাংস
অপেক্ষা সহজ পাচ। দুর্বল পাকশক্তি সম্পন্ন ব্যক্তির পক্ষে
পক্ষিমাংসট সমধিক উপযোগী। চর্বির ভাগ অধিক পাকে বলিয়া
মাংসের মাংস কুকুটের মাংস অপেক্ষা গুরুপাক।

আমিষ উপাদানের আধিকোর জন্যে মাংসের এত পুষ্টি-
কারিতা। অন্য সকল খাদ্যের তুলনায় অন্য পরিমাণে মাংস গ্রহণ
মাংসের অর্ধেক করিলেই আমরা অধিক আমিষ উপাদান পাইয়া
পাকি। আমাদের দেহ গঠনের পক্ষে সর্ববাপেক্ষা
উপযোগী মাংসের এই উপাদান সহজেই পরিপাক পায়। গৃহীত
মাংসের প্রায় সমুদয় সার অংশট শর্বীর মধ্যে শোষিত হইয়া
থাকে।

প্রাণীর আকার ও বয়স ক্ষেত্রে মাংসের গুণের ভারতমা হয়।
অন্য বয়স্ক প্রাণীর মাংস অতি কোমল, স্বল্প পুষ্টিকর এবং সহজ
পাচ হইয়া থাকে। পরিণত বয়স্ক প্রাণীর মাংসট সর্বোত্তম।
বৃক্ষ প্রাণীর মাংস কোমলতা হীন এবং দুপ্পাচ হয়। অতি
স্থূলকায় প্রাণীর মাংস চর্বির আধিক জন্য অপেক্ষাকৃত গুরুপাক
হইয়া থাকে। মৃত ও রুগ্ন পশ্চর মাংস গ্রহণ না করাই কর্তব্য।
পচা বা দুগন্ধযুক্ত মাংস সর্বথা পরিত্যাজ্য।

মাংসের শায় প্রাণীর ঘৃত, শাস্যন্ত্র, হৃদয় এবং মস্তিষ্ক প্রভৃতি ও
খাউকুপে গৃহীত হয়। আমাদের মধ্যে ঘৃত (মিটুলি) ও মস্তিষ্কের
প্রচলন অধিক। মেষের এই দুই শারীরিক
স্ফুরণ ও মস্তিষ্ক
যন্ত্রের বিশ্লেষণে নিম্নলিখিত উপাদান সমূহ
পাওয়া যায়।

| আমিষ | শ্বেত | লবণ | জল |
|---------------|-------|-----|------|
| ঘৃত— ২৩.১ | ৯.০ | ১.৭ | ৬১.২ |
| মস্তিষ্ক— ৮.৮ | ৯.৩ | ১.১ | ৮০.৬ |

মিটুলি ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে বিভক্ত করিয়া উত্তমরূপে সিঙ্ক না
করিলে সহজে পরিপাক হয় না। ইহার আমিষ উপাদান সাধারণ
মাংসের আমিষ উপাদান হইতে বিভিন্ন প্রকারের। মিটুলির এই
উপাদানের অধিকাংশই পরিপাক ক্রিয়ার ফলে 'নিউক্লিন' পরিণত
হয়। সম্পত্তি পরীক্ষায় প্রমাণিত হইয়াছে যে, নিউক্লিন হইতে
উত্তরিক এসিডের উৎপত্তি হইয়া থাকে। সেই জন্য বাতব্যাধিগ্রস্ত
লোকের পক্ষে মিটুলি ভঙ্গণ পরিত্যাগ করাই বিবেচনার কাষ্য।

মস্তিষ্কে শ্বেত উপাদানের ভাগটি অধিক থাকে। কোমলতায়
জন্য ইহা মাংসাদি অপেক্ষা সহজে পরিপাক পাইলেও, অতি
অসম্পূর্ণভাবেই শরীর মধ্যে শোষিত হয়। মলের সহিত প্রায়
অর্ধেক অংশ বাহির হইয়া যায়। মস্তিষ্ককে দুর্বলের পক্ষে
বিশেষ উপযোগী বলকারক খাউকু বলা যাইতে পারে না এবং ইহা
যে আমাদের মস্তিষ্কের বিশেষ পুষ্টি সাধন করিতে সক্ষম একুপ
নহে।

মৎস্য

মৎস্য বাঙালীর বিশেষ প্রিয় ও আবশ্যিকায় খাদ্য। এদেশে মাংস অপেক্ষা মৎস্যের প্রচলন অধিক। আমরা নানা প্রকারের মৎস্য খাদ্যরূপে গ্রহণ করিয়া থাকি।

মৎস্যের বিভিন্ন উপাদানের অনুপাত প্রায় মাংসেরই অনুরূপ। মাংসের স্থায় মৎস্য হটেডও আনরা যথেষ্ট আমিষ উপাদান পাইয়া থাকি।

রোহিত, মৃগেল, কাতলা প্রভৃতি মৎস্য উৎকৃষ্ট। অধিক নড় হটলে এই সকল মৎস্যে তেলের (স্নেহের) ভাগ বৃদ্ধি পায়। কৈ, সিঙ্গি, মাণ্ডি, মৌরলা প্রভৃতি কুসুম জাতীয় মৎস্যে আমিষ উপাদান যথেষ্ট পাকিলেও তেলের ভাগ অল্প। এগুলি সহজ পাচ এবং রোগীর পথের উপযোগী। কালবাড়িস, ভাঙ্গন ভেট্টকি, পার্শ্ব প্রভৃতি তত সহজ পাচ্য নহে। ইলিস মৎস্যে তেলের ভাগ অনেক অধিক পাকে। ইহা বিশেষ মুখরোচক কিন্তু গুরুপাক।

চিংড়ি ও কাঁকড়া মৎস্য জাতীয় নহে। ইহারা উভয়েই মৎস্য অপেক্ষা বিশেষ গুরুপাক। কাঁকড়ার বিভিন্ন উপাদানের অনুপাত গল্দা-চিংড়িরই অনুরূপ।

সাধারণতঃ মাংস অপেক্ষা মৎস্য সহজ পাচ্য। মাংসের স্থায় মৎস্যের প্রায় সমস্ত সার অংশই শর্কার মধ্যে শোষিত হয়। মৎস্যে আমিষ উপাদানের মাত্রা মাংসের মৎস্যের এবং মাংসের ভূলবা তুলনায় অপেক্ষকৃত কম। পুষ্টিকারিতার হিসাবে

মৎস্তের স্থান মাংসের পরে। মাংসের অপেক্ষা মৎস্ত কম উত্তেজক। পরিশ্রমহীন অলস ব্যক্তির পক্ষে মাংস অপেক্ষা মৎস্তট উপযোগী।

টাটক। মৎস্তট উৎকৃষ্ট ও সহজ পাচ। লোনা-মৎস্ত কচকটা মুখরোচক হইলও গুরুপাক। প্রটকি মৎস্ত স্বাদ ইনি ও ছুপাচ্য। পচা মৎস্ত বিশেষ অনিষ্টকারী, তাহা খাদ্যের অযোগ্য বোধে পরিভাগ করা একান্ত কর্তব্য।

মৎস্ত-ডিস্ব একটী বিশেষ উপাদেয় ও সারবান খাদ্য। ইহাতে মৎস্ত-ডিস্ব গড়ে নিম্নলিখিত উপাদান পাওয়া যায়।

| আমিষ | স্নেহ | লবণ |
|------|-------|-----|
| ৩০০ | ১৯.৭ | ৪.৬ |

মৎস্ত-ডিস্বের আমিষ উপাদানে অধিক পরিমাণে 'নিউক্লিন' থাকে। এই নিউক্লিনের জন্য মৎস্ত ডিস্ব বাতগ্রস্ত লোকের পক্ষে প্রশংস্ত নহে। স্নেহের ভাগ অধিক থাকিলেও ইহা তত গুরুপাক বলিয়া বোধ হয় না।

ডিস্ব

ডিস্ব বিশেষ পুষ্টিকর খাদ্য। ডিস্ব মধ্যে শাবকের রক্ত মাংস অস্তি গঠনের উপযোগী সকল উপাদানই একাধারে বর্তমান। এক কুকুট ডিস্ব
ছটাক বা ৫০ গ্রাম ওজনের একটি কুকুট ডিস্ব,
২৯ গ্রাম শ্রেতাংশ, ১৫ গ্রাম পীতাংশ এবং
৬ গ্রাম খোলা পাওয়া যায়।

ডিস্বের শ্বেতাংশ তরল আমিষ উপাদানেই পূর্ণ। পীতাংশে
জলীয় ভাগ কম এবং ইহারই পুষ্টিকারিতা অধিক। ইহাতে যথেষ্ট
আমিষ এবং অতাধিক মাত্রায় স্নেহ উপাদান বর্তমান।

হংস ডিস্বে বিভিন্ন উপাদানের অনুপাত কুকুট ডিস্বেরই
অনুরূপ। অনেকে হংস ডিস্ব অপেক্ষা কুকুট ডিস্ব অধিক পুষ্টিকর
বলিয়া মনে করেন। এ বিশ্বাস ভুল। বরং

হংস ডিস্ব
আকারে বড় বলিয়া একটি হংস ডিস্বের পুষ্টি-
কারিতা একটি কুকুট ডিস্বের অপেক্ষা অধিক। অনেকের ধারণা
হংস ডিস্ব অধিক খাইলে বাত রোগের উৎপত্তি হওয়া থাকে।
এ ধারণাও ভুল।

কাঁচা, অঙ্গুষ্ঠি বা সিন্ধ, বিভিন্ন অবস্থাভেদে ডিস্ব পরিপাকের
তারতম্য হয়। অল্প সিন্ধ ডিস্বটি সহজে পরিপাক পায়। কাঁচা

ডিস্বের পরিপাক
ডিস্বে অপেক্ষাকৃত অধিক সময় লাগে। পূর্ণ
সিন্ধ বা ভাজা ডিস্ব পরিপাক করিতে সর্ববাপেক্ষা
অধিক বিলম্ব ঘটে। ডিস্বের শ্বেতাংশ অপেক্ষা পীতাংশে সার ভাগ
বিশেষভাবে স্নেহ উপাদান অধিক থাকে বলিয়া, পৃথক ভাবে গ্রহণ
করিলে পীতাংশ পরিপাক করিতে অপেক্ষাকৃত অধিক সময়
লাগিয়া থাকে।

পরিপাক প্রাপ্ত ডিস্ব প্রায় সম্পূর্ণরূপেই শর্কার মধ্যে শোষিত
হয়। পরীক্ষার জন্য, দৈনিক ২১টি করিয়া সিন্ধ ডিস্ব খাইলে

ডিস্বের পুষ্টিকরিতা
দিয়াও দেখা গিয়াছে যে, মাসের শ্বায় তাহার
প্রায়ই সমস্ত অংশই শর্কার মধ্যে গৃহীত হইয়াছে।

পুষ্টিকারিতার হিসাবে ডিষ্ট্রি প্রায় মাংসেরই অনুরূপ ! নোটামুটি হিসাবে ১৫ হইতে ২০টি ডিষ্ট্রি একসের মাংসের আয় পুষ্টিকর । ডিষ্ট্রির পীতাংশে অধিক মাত্রায় স্নেহ উপাদান এবং ফসফরাস, কালসিয়ম ও লৌহ ঘটিত লবণ উপাদান থাকে বলিয়া তাহা শিশুদিগের পক্ষে বিশেষ মূলাবান খাত ! বিশেষতঃ ‘রিকেটস’ রোগ গ্রস্ত শিশুর জন্য এই খাদ্যের প্রয়োজনীয়তা সর্ববাপেক্ষা অধিক । ডিষ্ট্রির লবণ উপাদান অতি সহজেই রক্তের সহিত গিণ্ডিত হইয়া থাকে । পীতাংশে উপযুক্ত পরিমাণ লৌহ ঘটিত লবণ থাকায়, তাহা রক্তাঙ্গতা রোগে বিশেষ উপযোগী খাত বলিয়া বিবেচিত ।

তরকারী

নানা প্রকারের ফল, মূল, কল্দ ও শাক জাতীয় তরকারী আমরা গ্রহণ করিয়া থাকি । এ সকল হইতে আমরা প্রধানতঃ শালি ও লবণ উপাদান প্রাপ্ত হই । তরকারীতে সামান্য পরিমাণ আমিষ এবং স্নেহ উপাদানও থাকে । সার উপাদান বাতীত সকল তরকারীতেই অল্লামিক পরিমাণে ‘সেলুলোজ’ নামক এক প্রকার অসার উপাদান পাওয়া যায় ।

মূল ও কল্দজাতীয় তরকারী সবুজের মধ্যে আলু, কচু, ওল, গাজর, শালগম, মূলা ও পেঁয়াজ প্রভৃতি প্রধান । আলু

মূল ও কল্দজাতীয় সর্বপ্রধান তরকারীরূপে সর্বব্রহ্ম অধিক প্রচলিত ।

আলুতে শালি উপাদান (শ্বেতসার) যথেষ্ট পাওয়া যায় । স্থান বিশেষ আলু প্রধান খাতুরূপে ব্যবহৃত হইয়া থাকে ।

রাঙ্গাআলুতে শ্বেতসার ও শর্করা উভয়ই বর্তমান বলিয়া শালি উপাদানের মাত্রা অপেক্ষাকৃত অধিক। চুবড়িআলুর প্রচলন অধিক নহে। ইহাতে শালি উপাদান আলু অপেক্ষা কিছু কম। কচুও একটি উৎকৃষ্ট তরকারী। মানকচু অপেক্ষা গুঁড়িকচুতে অধিক সার ভাগ থাকে। ওলে মানকচুর অনুরূপ শালি উপাদান পাওয়া যায়। শালগমে জলের ভাগ অতি অধিক। গাজরে সার ভাগ শালগমের দ্বিতীয়। মূলাতে সার অতি অল্প। পেঁয়াজে সামান্য শালি ও আমিষ প্রভৃতি উপাদান থাকিলেও ইহা তরকারী রন্ধনের উপকরণ-কাপেই অধিক ব্যবহৃত হইয়া থাকে।

ফল ফুল ও বৌজজাতীয় তরকারী সমূহের মধ্যে লাউ, কুমড়া, বেগুন, পটল, কাঁচাকলা, বিঙে, উচ্ছে, কাঁচাপেঁপে, ইঁচোড়, ডুমুর,

ফল ফুল ও
বৌজজাতীয়
বিঙে, উচ্ছে, কাঁচাপেঁপে, ইঁচোড়, ডুমুর,
মোচা, ফুলকপি, কাঁটাল-বৌজ, সীম, মটরশুটি,
বরবটি প্রভৃতি সাধারণ প্রচলিত।

লাউ, কুমড়া, বেগুন, পটল ইত্যাদি ফলজাতীয় তরকারীতে সার ভাগ সামান্য থাকে। এসকলে জল ও সেলুলোজের ভাগই অধিক। বিঙে, উচ্ছে প্রভৃতিতে শালি উপাদান নাই বলিলেই চলে। উচ্ছে করলা প্রভৃতি তিক্ত স্বাদ বিশিষ্ট। ইহারা রুটিকর ও পিন্ত-নিঃসারক। ফুলকপি, মোচা, ডুমুর প্রভৃতি ফুলজাতীয় তরকারী। এগুলিতেও সার ভাগ কম এবং সেলুলোজ অধিক থাকে। চালতা, আমড়া, কাঁচাআম প্রভৃতি অঘৰপেই ব্যবহৃত হয়। সুপুর্ণ কাঁচাকলা একটি উৎকৃষ্ট তরকারী। ইহাতে শালি উপাদান যথেষ্ট পাওয়া যায়। কাঁচা পেঁপেতে ‘পেপেন্’ নামক একটি বিশেষ

পাচক পদার্থ বর্ণনান। ইহার দ্বারা সকল প্রকার বিশেষতঃ আমিষ খাদ্য পরিপাকের বিশেষ সহায়তা হইয়া থাকে। কাঁটাল বাজে শালি ও আমিষ উপাদান অত্তধিক থাকে। গমের অপেক্ষা ও ইহাতে আমিষ উপাদানের মাত্রা অধিক। তরকারী সমূহের মধ্যে ইহা সর্বাপেক্ষা সারবন। মটরশুটি, বরবটি ও সীম প্রভৃতি তরকারী হিসাবে উৎকৃষ্ট। মটরশুটিতে যথেষ্ট পরিমাণে শালি ও আমিষ উপাদান পাওয়া যায়।

বাঁধাকপি, নটে, পালং, কলমি, পুঁটি এবং অন্যান্য দল প্রকারের শাক আমরা এহণ করিয়া থাকি। শাকে জালর ভাগটি

১.৫.১.১.১

অত্তধিক। শালি, আমিষ প্রভৃতি সার উপাদান কোনটিতে অর্ডি সামান্য বা কোনটিতে না থাকারই অনুরূপ। সেই উপাদান নাই বলিলেও ঢালে। শাকে অধিক পরিমাণ সেলুলোজ থাকে। অন্যান্য উপাদানের তুলনায় শাকে যথেষ্ট লবণ উপাদান পাওয়া যায়। এই লবণ উপাদানের জন্য খাদ্য হিসাবে শাকের আবশ্যিকতা অধিক।

অধিকাংশ উদ্ভিদ খাদ্যেরই শ্বেতসার উপাদান ক্ষুদ্র ক্ষুদ্র কোষ মধ্যে আবদ্ধ থাকে। এই কোষ ও সংযোজক তন্ত্র সমূহ সেলুলোজ দ্বারা গঠিত। সেলুলোজ কাষ্ঠ জাতীয় সেলুলোজ পদার্থ। চরম পরিণতি প্রাপ্ত হইয়া ইহাই কাষ্ঠের আকার ধারণ করে। আমরা সেলুলোজ পরিপাক করিতে পারি না। খাদ্যে অধিক পরিমাণ সেলুলোজ থাকিলে পরিপাক ক্রিয়ার ও ব্যাঘাত ঘটে। পরিপাক না পাওয়ায় সেলুলোজ দ্বারা মলের

পরিমাণ বৃদ্ধি পায়। ইহা অস্ত্রগাত্রের উত্তেজনা সৃষ্টি করিয়া মল নিঃসরণের সহায়তা করে। এই কারণেই কোষ্টবন্ধ রোগীর জন্য ফল মূল, শাকসবজি, ভূমির আটা প্রভৃতি যথেষ্ট সেলুলোজ বুক্ত খাদ্যের ব্যবহাৰ দেওয়া হয়। স্বাস্থ্যবান বাল্কিন পান্থেও অস্ত্রের উত্তেজন হিসাবে খাদ্য উপবুক্ত পরিমাণ সেলুলোজ পাকা আবশ্যিক। গাংসাঞ্চি প্রাণীৰ উচ্চ আদৌ আবশ্যিক আছে নলিয়া বোধ হয় না, কিন্তু উদ্বিজ্ঞপ্তি গাহাঙ্গণের অস্ত্রের দীর্ঘতা ও উত্তেজনা হানতার জন্য খাত্তে সেলুলোজ পাকা আভাবশ্যিক।

তুরকারীৰ নথী^১ কারেকটি বাট্টাভ অধিকাংশেই সার উপাদান অতি অল্প। এজন্য পুষ্টিকারিতা তিসাবে ঈহারা বৃলাবান গাত্ত
বৰলিয়া বিনেচিত হওতে পারে না। শাহুর পুষ্টি-
কারিতা নামনাম নলিলট হয়। তুরকারীৰ
পরিপাচাতা সেলুলোজেৰ পরিমাণেৰ উপর অনেকটা নির্ভুল হৈৱ।
প্রায় সকল শাকসবজিই সঙ্গে জীৰ্ণ হয় না। অমিন. ১০^২ তুরকারী
হইতেই আমৱা সম্পূর্ণ সার অংশ গ্রহণ কৰিতে পাৰি না। তুরকারী
সমূহ হইতে প্রাপ্ত বিভিন্ন উপাদানেৰ নথো ষ্ঠেতসাৰই প্ৰধান।
আলুতে সেলুলোজ অতি সামান্য পাকে নলিয়া, ভাঙার ষ্ঠেতসাৰ
অংশ অনেকটা উত্তমকৰ্পেটি শৰীৰেৰ নথো গৃহীত হয়। সকল
তুরকারীৰই পরিপাক প্রাপ্ত ষ্ঠেতসাৰ ও শৰীৰা অংশ সম্পূর্ণকৰ্পে
শৰীৰে শোষিত হইয়া পাকে। তুরকারীতে যে সামান্য মাত্ৰায়
স্বেচ্ছ উপাদান পাওয়া যায়, তাহারও কোন হানি দেখা যায় না।
কিন্তু আমিয় উপাদানেৰ অনেক অংশ শৰীৰে শোষিত না হইয়া

পরিত্যক্ত হয়। কেন যে এরূপ ঘটে তাহার কারণ এবং নির্দিষ্ট হয় নাই।

তরকারীর লবণ উপাদান বিশেষ উল্লেখ যোগ্য। সকল তরকারী বিশেষতঃ শাক হটতে আমরা যথেষ্ট পরিমাণ লবণ প্রাপ্ত হই। এই সকল খাদ্য হটতেই আমাদের শরীরে লবণ উপাদানের অভাব প্রধানতঃ নিরারিত হইয়া থাকে। তরকারীর লবণ উপাদানে আমাদের রক্ত পরিষ্কার রাখে। অধিক দিন ফল মূল শাক সব্জি ইতাদি খাদ্য গ্রহণ বিরত থাকিলে রক্ত দুষ্প্রিয় “স্ফার্ভি” রোগের উৎপত্তি হয়। অন্য উপাদান কম থাকিলেও লবণ উপাদান সংগ্রহের জন্য আমাদের দৈনিক খাদ্যে তরকারীর আবশ্যিকতা অধিক।

বিবিধ ফল

আমাদের দেশে নানাবিধ উপাদেয় ফল জন্মিয়া থাকে। এই সকল ফল আমরা আগ্রহের সহিত খাদ্যরূপে গ্রহণ করি। ফলের পুষ্টিকারিতা অপেক্ষা তাহাদের মিষ্টিতা ও শুভ্রাণ আমাদিগকে অধিক আকৃষ্ট করে।

শুপক আম, কলা, পেঁপে প্রভৃতি ফল সারবান ও উৎকৃষ্ট। এই সকল ফলে যথেষ্ট শর্করা থাকে। অধিক অঁশযুক্ত আমে সারভাগ অনেক কম। কাঁটাল পুষ্টিকর হইলেও গুরুপাক। শুপক বেল বিশেষ সারবান ও কোষ্ঠ পরিষ্কারক। আপেল, আতা গ্যাসপাতি প্রভৃতি ফলও উৎকৃষ্ট। শুপক পেয়ারা বিরেচক, অপক অবস্থায় ইহা সঙ্কোচকের গ্রায় ক্রিয়া করিয়া থাকে। ‘আনারস

পরিপাকের কতকটা সহায়তা করে। কমলা, বাতাবি ও পাতিলের প্রভৃতি বিশেষ রক্ত পরিষ্কারক। লেবুরস স্কার্ভিরোগ নিবারণের প্রধান ঔষধ। ফুটি, তরমুজ প্রভৃতি ফলে সারভাগ অস্ত্র। কচি শশা প্রায় জলেই পূর্ণ। উৎকৃষ্ট ডাবের জলে যথেষ্ট পরিমাণ শর্করা উপাদান থাকে। ইহা তৃমণ ও মৃগকৃচ্ছ নিবারণে বিশেষ কাষ্যকারী। কুল সারবান হইলেও শুরুপাক। টোপা কুল মুড় বিরেচক। আঙ্গুর বিশেষ সারবান, ইহাতে যথেষ্ট শর্করা উপাদান পাওয়া যায়। গোলাপজাম, কালজাম, লিচু প্রভৃতিতে সারভাগ অস্ত্রণ । কালজাম নিশেষতঃ তাহার বীজ বহুমূল্য রোগে বিশেষ উপকারী। ডালিম ও বেদনার রসে আনেক শর্করা উপাদান থাকে, ইহা রোগীর পথ্যরূপেই অধিক ব্যবহৃত হয়।

পৃষ্ঠিকারিতার হিসাবে ফলের শালি উপাদানই উল্লেখ যোগ্য। সাধারণতঃ শালি উপাদানের অধিক ভাগই শর্করা। এই শর্করা সহজেই শর্কারে শোষিত হইয়া থাকে। বিভিন্ন ফলে
কঢ়ার ষণ' ষণ'.

সেলুলোজের পরিমাণের বিশেষ তারতম্য দেখা যায়। ফল উৎপাদনে বিশেষ গুরু ও অভিজ্ঞতার সাহায্যে ফলে সেলুলোজের পরিমাণ কম করা যায়। ফলের লবণ উপাদান বিশেষ উপকারী। ফলে সাধারণত 'পটাশ' লবণ নামা প্রকার (টার্টারিক, সাইট্রিক ও ম্যালিক প্রভৃতি) উল্টিজ্জ অন্নের সহিত মিশ্রিত ভাবে বর্দ্ধমান থাকে। এই সকল অস্ত্র বিশেষ রক্ত পরিষ্কারক। লবণ উপাদানের বিশেষ গুণের জন্য টাট্কা ফল "স্কার্ভিরোগ" নাশক মাহৌষধরূপে গণ্য। ফল পাকিবার সঙ্গেই উল্টিজ্জ অস্ত্র

কতকট রূপান্তরিত হইয়া যায়। কলে অতি সামান্য পরিমাণ শুগন্ধ দ্রব্য বিস্থান থাকে। এই দ্রব্যের কোন পুষ্টিকারিতা না থাকিলেও, ইহা ভোজন উচ্ছার উদ্দীপন করিয়া পরিপাকের কতকটা সহায়তা করে। পরবর্তীর তারতম্যের উপর ফলের পরিপাক অনেকটা নির্ভর করে। অক্ষপক ফল অপেক্ষা শুগন্ধ ফল সহজে পরিপাক পায়। অপর্যন্ত ফলের অস্থানস অঙ্গের প্রদাহ উৎপাদিত করিয়া আনক সময় উদ্বাগয় সৃষ্টি করে। প্রায় সকল ফলই অন্তর্ধিক বিবেচন গুণম্পন্ন। আমাদের দৈনিক খাদ্যের মধ্যে ফলের সংযোগ হউলে নিম্নিত্ত কোন্ত পরিকার গাঁকে।

অন্যান্য সাধারণ উৎকৃষ্ট ফলের সহিত তুলনায় পুষ্টিকারিতার তিসাবে বাদাম, পেস্তা ইত্যাদি বিশিষ্টরূপ পার্শ্বকা দৃষ্ট হইয়া

থাকে। এই সকল ফল অত্যধিক সারবান।

আমাদের বিভিন্ন পুষ্টিকর খাদ্য সবুজের মধ্যে এ শুলি সর্ববাহিগণ হউবার যোগ্য।

বাদাম, পেস্তা ও আখরোটে ঘথেষ্ট পরিমাণ স্বেচ্ছ ও আমিষ উপাদান বর্তমান। তুলনায় শুলি উপাদান অল্প। আখরোটে স্বেচ্ছ উপাদান অস্তিধিক থাকে। চীনাবাদাম পুষ্টিকারিতার তিসাবে বাদামের অনুরূপ। এই স্বল্প মূল্যের উপেক্ষিত খাদ্যের সমধিক প্রচলন বাস্তুনীয়। ঝুনা নারিকেলও বিশেষ পুষ্টিকর। ইহাতে ঘথেষ্ট স্বেচ্ছ উপাদান থাকে। ঝুনা নারিকেলের শুক শাস্তে স্বেচ্ছ উপাদানের মাত্রা প্রায় আখ-রোটেরই অনুরূপ।

বাদাম ইত্যাদির পুষ্টিকারিতা যে অত্যধিক সে বিষয়ে
কোনই সন্দেহ নাই। ইহাদের বিভিন্ন উপাদানের মধ্যে স্নেহ-

ন প্রমাণ

ভাগই সর্বপ্রধান। অত কোন উদ্ধিজ্জ খাদ্যে

প্রটিক্স প্র.

এত অধিক পরিমাণে স্নেহ উপাদান নাই।

বাদামের তৈল সাধারণতঃ ঘৃতের পরিবর্তে ব্যবহৃত হয়।
পুষ্টিকারিতার ছিসাবে ইহা ঘৃতেরট অনুরূপ। আমিষ
উপাদানের আধিক্য জন্ম বাদাম ইত্যাদি মাংসের পরিবর্তেও
ব্যবহৃত হউবার অনেকটা উপযোগী। তুলনায় শালি উপাদান
অনেক অল্প থাকায় এগুলি বহুমুক্ত রোগীর পক্ষে প্রশস্ত খাদ্য।
সকলগুলিতে লবণ উপাদান উপযুক্ত মাত্রায় বর্তমান।
বিশেবরূপ পুষ্টিকর হটলেও, একটি অস্ববিধা যে, আমরা বাদাম
জাতীয় খাদ্য সহজে পরিপাক করিতে পারি না। অত্যধিক
স্নেহ উপাদান এবং যথেষ্ট সেলুলোজ থাকায় এরূপ ঘটে। এই
জাতীয় খাদ্যের শালি ও লবণ উপাদান প্রায় সম্পূর্ণ শোবিত
হটলেও, স্নেহ ও আমিষ উপাদানের এক পঞ্চমাংশই পরিত্যক্ত
হউয়া থাকে।

•

শর্করা

চিনি প্রধান শর্করা খাদ্য রূপে পৃথিবীর সর্ববত্র যথেষ্ট পরি-
মাণে গৃহীত হউয়া থাকে। আমাদের দেশে সুলভ ও সহজ

ড. চি.

প্রাপ্য বলিয়া গুড়ের প্রচলনই অধিক। গুড়ে

মত

জলীয় এবং অসার অংশ অধিক থাকে।

প্রস্তরের প্রক্রিয়ায় চিনি নির্মল ও অনেকটা শুক্র হয়। মিছরি

সর্বাপেক্ষা বিশুদ্ধ। এজন্ত রোগীকে গুড় চিনি না দিয়া মিছরি দেওয়া হয়।

মধু অত্যুৎকৃষ্ট শর্করা খাত্ত। সাধারণ চিনি পরিপাক-ক্রিয়ার ফলে রূপান্তরিত হইয়া শরীরে শোষিত হয়। কিন্তু

মধুর শর্করাউপাদান এরূপ অবস্থায় থাকে যে,

মধু পাকাশয়ে উপস্থিত হইবামাত্র রক্তের সহিত মিশ্রিত হইয়া যায়। মধু সেবনে পাকফস্ত্রের কর্মভাব বৃদ্ধি পায় না, অথচ দেহের পোষণ হইয়া থাকে। এই বিশেষ গুণের জন্য নবজাত শিশুকেও নিঃসন্দেহে মধুপান করান যায়।

শর্করা শালিজাতীয় খাদ্যে অন্তর্ভুক্ত। সুপরিষ্কার চিনিকে খাটি শালি উপাদান বলা যায়। এই কারণে খাদ্য হিসাবে চিনি বিশেষ মূল্যবান। শালি জাতীয় খাদ্য ইতিহে প্রধানতঃ শরীরে তেজ বা শক্তি উৎপন্ন হইয়া থাকে। চিনি অঙ্গ শালি খাদ্যের অপেক্ষা সহজে এবং শীত্র শরীরে শোষিত হওয়ায় কর্মশক্তি উৎপাদনের পক্ষে উৎকৃষ্টতম বলিয়া বিবেচিত হয়। চিনিতে শরীরে চর্বি উৎপাদিত করে। এজন্ত অধিক মিষ্টি ভক্ষণে দেহের স্তুলতা জন্মে।

খাত্তের মাত্রা নিরূপণ

খাত্তের মাত্রা কিরূপ হওয়া উচিত সে বিষয়ে পশ্চিতগণের
মধ্যে আর্দ্ধে মতেক্য নাই। এমন কি, কোন উপায় অবলম্বন
করিলে খাত্তের মাত্রা নিরূপণ করা যাইতে পারে সে বিষয়েই
বিলক্ষণ মতভেদ রহিয়াছে।

ভির ভির কারণে, গৃহীত খাত্তের পরিমাণের তারতম্য হইতে
দেখা যায়। দেশভেদ, ধাতুভেদ, পরিশ্রমভেদ, শ্রী-পুরুষভেদ
কারণভেদে - ও বয়সভেদ প্রভৃতি কারণে খাত্তের পরিমাণের
মাত্রার তারতম্য বিভিন্নতা হইয়া থাকে। শীতপ্রধানদেশে শরীর
হইতে অধিক মাত্রায় উত্তাপ বহির্গত হয় বলিয়া তাপ উৎ-
পাদনকারী খাদ্যজ্বব্য অধিক খাইতে পারা যায়। যাহারা
অধিক শারীরিক পরিশ্রম করে তাহাদিগকে অধিক পরিমাণে
শালি জাতীয় খাদ্য গ্রহণ করিতে হয়। শ্রীলোকেরা পুরুষ-
দিগের অপেক্ষা কিছু কম খাইয়া থাকে; কিন্তু অধিক পরিশ্রম
করিলে শ্রীলোক পুরুষের সমান বা অধিকও খাইতে পারে।
পরিণত বয়স্ক ব্যক্তি অপেক্ষা বর্ধিনশীল বালক ও যুবার
আহারের পরিমাণ অপেক্ষাকৃত অধিক। কারণ ইহাদের
শরীরের দৈনিক বৃক্ষি আছে, কিন্তু পরিণত বয়স্কের শরীর
আর বৃক্ষি প্রাপ্ত হয় না।

পৃথিবীর কোন জাতি কোন খাদ্য কি পরিমাণে আহার করে ও তাহারা কিসের কার্যক্ষম এবং তাহাদের শরীরের গঠন ও বল কিসের তাহা নির্ণয় করিতে পারিলে, আমাদের কি পরিমাণ খাদ্যস্রবা আবশ্যিক তাহা অনেকটা বুঝা যাইতে পারে। কিন্তু কেবলমাত্র উপরোক্ত উপায়ে খাদ্যস্রবের পরিমাণ নিরূপণ করিলে আমরা অনেক সময় ক্রমে পতিত হইব; কারণ আমাদের শরীরের বল ও বুদ্ধি কেবল মাত্র খাদ্যের উপর নির্ভর করে না। কাবুলীর আয় আহার করিলেই যে বাঙালীর দেহের গঠন ও শক্তি কাবলীর আয় হইবে, এরপ আশা করা বাতুলতা মাত্র। দেশভেদে, জাতিভেদে ও ব্যায়ামের অনুপাতে শরীরের গঠন এবং শক্তি বিভিন্ন প্রকারের হইয়া থাকে। ম্যাল্লিয়া প্রভৃতি রোগও দেশবাসীর শারারিক উন্নতির পক্ষে বিশেষ অনুরাগ হইতে পারে।

খাদ্যের মাত্রা নিরূপণ করিবার একটি বিশেষ উপায় আছে। আমাদের শরীর নিরস্তুর ক্ষয়প্রাপ্ত হইতেছে, এই ক্ষয়ের পরামর্শ ও ক্ষয় পূরণের জন্ম খাদ্যের আবশ্যিকতা; ক্ষয়ের পরিমাণ নিরূপণ করিতে পারিলে খাদ্যেরও পরিমাণ নিরূপণ করা যাইতে পারিবে। দেহক্ষয়-জনিত পদার্থ সমূহ প্রশ্বাস বায়ু, ঘৰ্ষ, মুত্র ও মল ইত্যাদির সহিত শরীর হইতে নির্গত হইয়া যায়। নাইট্রোজেন ও কার্বন দেহ-ক্ষয়জনিত পদার্থসমূহের প্রধান উপাদান। মুত্রাদি পরীক্ষা

করিলে নাইট্রোজেন ও কার্বনের পরিমাণ নিরূপণ করা যাইতে পারে। এ স্থলে মনে রাখা আবশ্যক যে, শরীর ক্ষয়জনিত নাইট্রোজেন ব্যতীত খাদ্য হইতে উদ্ভৃত নাইট্রোজেনও মুক্ত এবং মলের সহিত নির্গত হয়। এই নাইট্রোজেন পৃথকভাবে নির্ণয় করিতে পারা যায়।

দেহ ক্ষয় হইয়া শরীর হইতে যে নাইট্রোজেন নষ্ট হইয়া যায়, খাদ্যের আমিষ উপাদানে তাহার পূরণ হইয়া থাকে। শরীরে কার্য করিবার ক্ষমতা শালিজাতীয় খাদ্য হইতে উদ্ভৃত হয়। ক্ষয়জনিত নাইট্রোজেন নিরূপণ করিয়া আমিষ জাতীয় খাদ্যের পরিমাণ নির্ণয় করিতে পারা যায়। সেইরূপ শরীর হইতে নির্গত কার্বন, জলীয় বাষ্প ও শরীর উদ্ভৃত উত্তাপ নিরূপণ করিয়া শালিজাতীয় ও স্নেহজাতীয় খাদ্যের পরিমাণ নির্ণয় করা যাইতে পারে। দৈনন্দিন কার্যের পরিমাণ করিলেও কতটা স্নেহ ও শালিজাতীয় খাদ্য আবশ্যক তাহার একটা হিসাব হইতে পারে। কারণ কতটা কোন জাতীয় খাদ্যের কি পরিমাণ কার্যক্রমে তাহার একটা মোট হিসাব নির্দিষ্ট আছে।

জার্মান পণ্ডিত লিবিগ্ (Leibig) সাহেবের মতে খাদ্য দ্রব্যের মধ্যে আমিষ জাতীয় দ্রব্যট সর্বপ্রধান ; ইতো হইতে কান্সেন্ট্রেশন পণ্ডিতের আমিষের শরীরের সমস্ত শক্তি উৎপন্ন হয়।

অতএব খাদ্য আমিষ জাতীয় দ্রব্যের প্রাধান্য
থাকা একান্ত আবশ্যক।

আজকাল কোন পণ্ডিতই .এই মতের পক্ষপাত্তী নহেন। এখনকার মত, শালি জাতীয় খাদ্য হইতে শরীরের কার্য্যকরী শক্তি উৎপন্ন হয় — আমিষ জাতীয় খাদ্য হইতে নহে।

স্থ্রুপ্রসিদ্ধ ভয়েট সাহেব (Carl Voit) বলেন যে, পৃথিবীর যাবতীয় কর্মী ও অবস্থাপন্ন বাক্তি অধিক পরিমাণে আমিষ জাতীয় খাদ্য আহার করিয়া থাকেন। উভয় খাদ্যের প্রভাবেই তাঁহাদের কার্য্যকরী শক্তি ও বৃদ্ধিবৃদ্ধি সাধারণ বাক্তিবর্গ হইতে উন্নত এবং টহাই তাঁহাদের জীবনে সাফল্য লাভের হেতু।

সামান্য চিন্তা করিয়া দেখিলেই ভয়েট সাহেবের উপরি উক্ত যুক্তির অসারত উপর্যুক্তি হইবে। লোকে অবস্থাপন্ন হইলে তবে মূল্যবান আগিষ জাতীয় খাদ্য অধিক পরিমাণে গ্রহণ করিয়া থাকে ; অতএব খাদ্যটি উন্নতির কারণ কিংবা উন্নতি উভয় খাদ্য ব্যবহারের হেতু তাহা বিশেষ বিবেচনার বিষয়।

ভয়েট সাহেবের মতে পরিমিত পরিশ্রমী বয়স্ক ব্যক্তির (ইয়োরোপীয়ানের) খাদ্যে— ১২০ গ্রাম আমিষ উপাদান, ৪০০ গ্রাম শালি উপাদান এবং ১০০ গ্রাম স্বেচ্ছ উপাদান থাকা আবশ্যিক। *

আমেরিকার প্রসিদ্ধ অধ্যাপক চিটেন্ডেন (Chittenden)
সাহেব খাদ্য সম্বন্ধে নানা প্রকার গবেষণা করেন। তিনি
নাকিন
পণ্ডিতের মত
ছাত্র, অধ্যাপক, মল্ল ও সৈনিক প্রভৃতি নানা
শ্রেণীর ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ আমিষ
জাতীয় খাদ্য দিয়া বহুকাল অবধি পরীক্ষা করিয়াছেন। ইহারা

সকলে ভয়েট সাহেবের নির্দিষ্ট পরিমাণে আমিষ খাত্তি ব্যবহার করিতেন। চিটেন্ডেন্ সাহেব পুরোৱের পরিমাণ কমাইয়া তিনি ভাগের এক ভাগ করেন। পরীক্ষার ফলে দেখা যায় যে পরীক্ষাধীন ব্যক্তিরা সকলেই শারীরিক উন্নতি লাভ করিয়াছেন; অনেকেরই বল ও দেহের ভার বৃদ্ধি পাইয়াছে।

প্রসিদ্ধ ফলিন (Folin) সাহেব মূত্রাদি পরীক্ষার দ্বারা, শরীরের কর্তৃ নাইট্রোজেন ক্ষয় হয়, তাহা নিরূপণ করিয়া, খাত্তে কি পরিমাণ আমিষ উপাদান থাকা উচিত তাহা স্থির করিয়াছেন। ইহার ও চিটেন্ডেন্ সাহেবের নির্দিষ্ট পরিমাণ প্রায় সমান।

বিখ্যাত জ্ঞাপানী অধ্যাপক Kiutaro Oshima পরীক্ষা দ্বারা যে সিদ্ধান্তে উপনৌত হইয়াছেন তাহার সহিত চিটেন্ডেন্
জাপানী
 অধ্যাপকের মত

সাহেবের সম্পূর্ণ ঐক্য দেখা যায়। জাপানীরা যে পরিমাণ আমিষ জাতীয় খাত্তি ব্যবহার করে, তাহা ভয়েট সাহেব নির্দিষ্ট পরিমাণ অপেক্ষা অনেক অল্প; অথচ এইরূপ খাত্তি ব্যবহার অঙ্গেও জাপানীদের শারীরিক বা মানসিক কোন প্রকার অবনতি লক্ষিত হয় না। “ভেতো” জাপানীদের বলবীর্য ও বৃদ্ধি সম্বন্ধে বলা নিষ্পয়েজন।

কলিকাতা মেডিক্যাল কলেজের শরীরতত্ত্বের ভূতপূর্ব
 অধ্যাপক ম্যাকে (McCay) সাহেব বাঙালীর স্বাস্থ্য ও খাত্তি
অধ্যাপক
 ম্যাকের মত

সম্বন্ধে কতকগুলি পরীক্ষা করিয়াছিলেন। তাহার মতে বাঙালীর অল্প আমিষ আহারই

তাহাদের শারীরিক অবনতির একমাত্র কারণ। তিনি চিটেন্ডেন্
সাহেবের মতের অনুমোদন করেন না।

বাঙালীর শারীরিক অবনতির অনেক কারণ আছে। দেশ-
ব্যাপী ম্যালেরিয়া প্রায় সকল বাঙালীকেই অন্ধ বিষ্ণুর ঢুবর্ল
করিয়াছে। বাঙালী নিজের শারীরিক উৎকর্ষ সাধন সম্বন্ধে
আদৌ বহুশীল নহে। দরিদ্রতার জন্য অধিকাংশ বাঙালীটি
পেট ভরিয়া থাটিতে পায় না। কেবল আমিষ জাতীয়
কেন, বাঙালী বগেষ্ঠ পরিমাণ শালি এবং স্নেহজাটীয়
খাদ্যে পায় না। নানা কারণে ম্যাকে সাহেবের যুক্তির
উপর নির্ভর করিয়া চিটেন্ডেন্ সাহেবের মতভ্রান্ত দল
যায় না।

বিভিন্ন গান্ধির মধ্যে আমিষ জাতীয় খাদ্যের পরিমাণ
সম্বন্ধে যেরূপ মতভেদ লক্ষিত হয়, শালি ও স্নেহ জাতীয় খাদ্য
সম্বন্ধে সেরূপ মতভেদ নাই। এ বিষয়ে
সকলের মতের অনেকটা মিল দেখা যায়।

সর্বপ্রকার মতের আলোচনা করিয়া একজন সঙ্গ
পরিশ্রমী বয়স্ক বাঙালী ভড়লোকের দৈনিক কি পরিমাণ খাদ্য
বাঙালী ভড়লোকের দ্ব্য আবশ্যক নিম্নে তাহার তালিকা প্রদান
ক্ষেত্রে মতোঃ করা হইল।

চাউল (বা চাউল ও ঘয়দা)

একপোয়া

দাল

একচুটাক

মৎস্য

একচুটাক

তরকারী (আলু, পটুল, শাক ইত্যাদি) . একপোয়া

ছফ্ফ ছই পোয়া

ঘূত, তেল অর্ধ চুটাক

চিনি, গুড় এক ছুটাক

এই তালিকা অনুযায়ী খাদ্য হইতে ৪০৫০ গ্রাম আগিয় উপাদান, ১০৬০ গ্রাম স্নেহ উপাদান এবং ৩০০ গ্রাম শালি উপাদান প্রাপ্ত হওয়া যায় ।

যাহারা মৎস্য বা ছফ্ফ পান না, তাহাদের খাদ্যে চাউল ও দালের পরিমাণ আরও অধিক থাকা আবশ্যিক ।

তালিকা পরিমিত খাদ্য আহারের লালসা মিটাইবার পক্ষে কম হইতে পারে কিন্তু স্বাস্থ্য, অঙ্গুষ্ঠি রাখিবার জন্য উচ্চ যথোপযুক্ত ।

ঠিক উপরোক্ত তালিকাগত খাইতে হইবে একপ নহে । অধিক পরিমাণ করিলে শালিজাতীয় খাদ্যের পরিমাণ বৃদ্ধি করা কর্তব্য । নিদিনট খাদ্যের পরিমাণ স্থারণ রাখিয়া প্রত্যেকেরই নিকট নিয়ন্ত্ৰণ নিয়ন্ত্ৰণ নহে নিজ নিজ স্বাস্থ্য সম্বন্ধে অভিজ্ঞতা ও রুচিগত উপযুক্ত নহে খাদ্যের পরিমাণ নিরূপণ করা উচিত । খাদ্যের

| মাত্রা | সম্বন্ধে | কোন | একটা | বাঁধাবাঁধি | নিয়ম | সকলের |
|--------|----------|-----|------|------------|-------|-------|
|--------|----------|-----|------|------------|-------|-------|

| | | | | | | |
|-------|------|---------|------|------|------|--------|
| পক্ষে | কখনই | উপযুক্ত | হইতে | পারে | না । | একজনের |
|-------|------|---------|------|------|------|--------|

উপযোগী মাত্রা অপরের বিশেষ অনুপযোগী হইতে পারে । অভ্যাস, পরিশ্রম ও অগ্নিবল ভেদে খাদ্যের মাত্রারও তারতম্য হইয়া থাকে ।

তিনি সহস্র বৎসর পূর্বে খাদ্য সম্বন্ধে আলোচনা করিয়া মহষি চরক লিখিয়া গিয়াছেন :—

মহষি চরকের
ব'ণি
“মাত্রাশী স্থাং। আহার মাত্রা পুনরঘিবলাপেক্ষণীয়া
যাবদ্বাশ্বাশনমশিত মনুপহতা প্রকৃতিং যথাকালঃ
জরাঃ গচ্ছতি তাবদস্ত্ব মাত্রাপ্রমাণঃ বেদিতব্যস্তবতি।”

ইহার অর্থ—ভোক্তা পরিমিত ভোজী হইবে। কিন্তু এই
মাত্রা অঘিবল সাপেক্ষ। মাত্রার প্রমাণ এই যে, যে পরিমাণ
খাইলে ভুক্তদ্বা বিনাক্রেশে যথাকালে জীর্ণ হইলে তাহাই ভোক্তার
খাদ্যের মাত্রা।

খাদ্য সম্বন্ধে বিচার

বাংলাদীর খাদ্য সম্বন্ধে বিচার করিতে হইলে, সামাজিক অবস্থানুসারে আমাদের মধ্যে যেকোণ দৈনিক আহার প্রচলিত ন হয়, এবং এটা অতি অনুযায়ী শরীরের উপর তাহাদের ক্রিয়া ইত্যাদির আলোচনা প্রধানতঃ আবশ্যিক। এজন্য প্রথমে, বিভিন্ন কয়েক শ্রেণীর মধ্যে যেকোণ খাদ্যের প্রচলন দেখিতে পাওয়া যায় তাহার তালিকা এবং তৎসঙ্গে প্রত্যেক তালিকায় বিভিন্ন উপাদানের পরিমাণ প্রদান করা হইল।

১: ক্লষ্টক শ্রেণী ১—

| | | |
|-----------|---|----------------------|
| চাউল | — | ১৬ ছটাক |
| দাল | — | ; " |
| • তরকারী— | ৮ | " (শাকসজ্জিত অধিক) |
| মৎস্য | — | ই „ (সপ্তাহে ২৩ বার) |
| তেল | — | অতি সামান্য |

এই তালিকা অনুযায়ী খাদ্যে ৬০ গ্রাম আমিষ উপাদান, ৭৪০ গ্রাম শালি উপাদান এবং ২৫ গ্রাম নেহ উপাদান বর্ণনান।
(৫৬.৭ গ্রামে দুই আউঙ্গ বা এক ছটাক।)

২। সাধাৰণ গৃহস্থঃ—

| | | | |
|----------|---|---|------|
| চাউল | — | ৮ | ছটাক |
| দাল | — | : | " |
| তরকারী | — | ৪ | " |
| মৎস্য | — | : | " |
| ভুঁক | — | ২ | " |
| মুত, তেল | — | : | " |

এই তালিকা অনুযায়ী খাচ্ছে ৫০ গ্রাম আমিষ উপাদান, ৫০০ গ্রাম শালি উপাদান এবং (খুব বেশী হইলে) ৫০ গ্রাম স্নেহ উপাদান বন্ধমান।

৩। অলঙ্ঘাপন গৃহস্থঃ—

| | | | |
|--------|---|---|------|
| চাউল | — | ৩ | ছটাক |
| আটা | — | ৩ | " |
| দাল | — | : | " |
| তরকারী | — | ৪ | " |
| মৎস্য | — | ১ | " |
| ভুঁক | — | ৪ | " |
| মুত | — | : | " |
| তেল | — | : | " |

(মধ্যে মধ্যে মাংস এবং ডিস্বাদিও গৃহীত হয়।)

এই তালিকা অনুযায়ী খাচ্ছে ৬০ গ্রাম আমিষ উপাদান, ৫০০ গ্রাম শালি উপাদান এবং ৯০ গ্রাম স্নেহ উপাদান বন্ধমান।

খনী লোক ৩—

| | | |
|--------|---|--------|
| চাউল | — | ২ ছটাক |
| ময়দা | — | ৩ " |
| দাল | — | ৩ " |
| তরকারী | — | ৩ " |
| মৎস্য | — | ২ " |
| হুং | — | ৮ " |
| মুত | — | ২ " |
| তেল | — | ১ " |

(মাংস, ডিম্ব ইত্যাদি খাকে। উচ্চাগত মিষ্টান্ন গৃহীত হয়।)

এই তালিকা অনুযায়ী খাচ্ছে (গৃহীত মাংসাদির পরিমাণ মত) ৮০ হইতে ৯০ গ্রাম আমিষ উপাদান, (গৃহীত মিষ্টান্নাদির পরিমাণ মত) ২৬০ হইতে ৩০০ গ্রাম শালি উপাদান এবং (গড়ে) ১৫০ গ্রাম স্নেহ উপাদান বর্তমান। নক্ষিগত উচ্চ অনুযায়ী এই তালিকার অনেক তারতমা ও হইয়া গাকে।

৩। জেল কংসোদী ৩—

| | | |
|--------|---|---------|
| চাউল | — | ১৩ ছটাক |
| দাল | — | ৩ , |
| তরকারী | — | ৪ , |

এই তালিকা অনুযায়ী খাচ্ছে ৯০ গ্রাম আমিষ উপাদান, ৭০০ গ্রাম শালি উপাদান এবং (সর্ব রকমে) ২০ গ্রাম স্নেহ উপাদান বর্তমান।

প্রদত্ত তালিকা সমূহে বিভিন্ন শ্রেণীর বাঙ্গালীর খাদ্য পরিমাণ
এবং সে সকলের উপাদানগত পার্থক্য দেখান হইল। আমিষ
উপাদানের মাত্রা ৫০ হইতে ৮০।৯০ গ্রাম। ধনী লোকের খাদ্যে
ইহা সর্বাপেক্ষা অধিক এবং সাধারণ গ্রহস্থের খাদ্যে সর্বাপেক্ষা
অল্প। স্নেহ উপাদানের তারতমা ও এক্রূপ। কিন্তু শালি উপা-
দানের মাত্রা অবস্থার উন্নতির সঙ্গে কমিতেই গাকে। জেল-
কয়েদীদের খাদ্যে আমিষ ও শালি উপাদান সাধারণ বাঙ্গালীর
খাদ্যের অপেক্ষা অনেক অধিক, কিন্তু স্নেহ উপাদানের মাত্রা
দরিদ্রগণের খাদ্যের অপেক্ষা অল্প। কৃষকের খাদ্যে শালি
উপাদান সর্বাপেক্ষা অধিক।

ভয়েট সাহেব ইউরোপীয়গণের জন্য যে নির্দিষ্ট খাদ্য তালিকা
করিয়াছেন, তাহার সহিত তুলনা করিলে দেখা যায় যে, প্রদত্ত

‘চাটা পাঞ্জি
বেঁচেন মদিনী
চাটক র মহিঁ
হসন’

তালিকাগুলির মধ্যে কোনটিরই আমিষ উপাদান
ইহার কাছাকাছি নহে। শালি উপাদানের মাত্রা
কিছু কম বেশী প্রায় এক্রূপ। কিন্তু স্নেহ

উপাদানের মাত্রা ভয়েট সাহেবের তুলনায়,
দ্রুটি বাত্তাত সকল তালিকাতেই বিশেষ কম। “চিটেনডেন্
সাহেবের নির্দিষ্ট, জীবন রক্ষার পক্ষে যতটা আমিষ উপাদান
অবশ্যিক, সেই মাত্রার সহিত বাঙ্গালীর খাদ্যের আমিষ উপাদানের
মাত্রার মিল আছে। তিনি শালি উপাদানের যেরূপ মাত্রা নির্দিষ্ট
করিয়াছেন, তদপেক্ষা বাঙ্গালীর খাদ্যে শালি উপাদানের মাত্রা
কিছু অধিক।

দেহের ক্ষয় নিবারণ কৃতাই আমিষ উপাদানের কামা, এই উপাদান অধিক পরিমাণে গৃহীত হইলে বেরুপে হটক বাতির শালি ও অমিষ হইয়া যাওয়া আবশ্যক। শালি জাতীয় উপাদান উপাদান প্রথমতঃ দেহের উত্তাপ ঠিক রাখে, দ্বিতীয়তঃ শক্তি দান করে, তৃতীয়তঃ অতিরিক্ত আমিষ উপাদান গ্রহণের কুকল নিবারণ করে। শরীর মধ্যে গৃহীত হইয়া আমিষ উপাদানের অতিরিক্ত অংশ একমাত্র মৃত্যগন্তির ক্রিয়ার দ্বারাই পরিত্বক্ত হয়। অধিক আমিষ আহার করিলে মৃত্যগন্তির ক্রিয়া বিশেষ বৃদ্ধি পায়। এই সকল বিষয় বিবেচনা করিয়া খাদ্যের ভালিকা ও ভোক্তার শরীরের উপর তাহাদের ক্রিয়ার সম্বন্ধে আলোচনা করা হইল :

কৃষক-জীবন বিশেষ পরিশ্রমের জীবন, প্রায় ১২ ঘণ্টা কাল তাহাদের কঠিন দৈহিক পরিশ্রম করিতে হয়। এই কঠিন পরিশ্রমের ফলে অধিক পরিমাণ কার্বনে-ডাই-অস্ক্রাইড বাস্পের উৎপত্তি হয়, শরীরের অধিক তাপ এবং তৎসঙ্গে শক্তি ও নার্থ পায়। এই দৈহিক উত্তাপ ও শক্তির ক্ষয়, গৃহীত শালি জাতীয় খাদ্যের দ্বারা পূরণ হয়। কৃষকের (ও যাহারা অধিক শারীরিক পরিশ্রম করে তাহাদের) অধিক পরিমাণ শালিজাতীয় খাদ্য গ্রহণ আবশ্যক। কৃষকের খাদ্য আমিষ উপাদানের মাত্রা উপযুক্তরূপ (পূর্বে প্রদত্ত আবশ্যকীয় নির্দিষ্ট মাত্রা অপেক্ষা ১০ হইতে ২০ গ্রাম অধিক) আছে। যদি শালি জাতীয় খাদ্যের মাত্রা ঠিক গাকে তাহা হইলে, কৃষকের

খাদোর আমিষ উপাদান তাহাদের স্বাস্থ্য অঙ্গুলু রাখার পক্ষে যথেষ্ট। কৃষকেব খাদ্য স্নেহ উপাদানের মাত্রা অতি অল্প; কিন্তু ইহার জন্য তাহাদের কোন ক্ষতি দেখা যায় না। কৃষকেরা যে কাষ্য করে তাহার প্রায় সবচ শারীরিক পরিশ্রম এবং তাহারা সাধারণ খাদ্য গ্রহণ করিযাই নিজেদের কার্য্য সম্পূর্ণ ও উত্তমরূপে সম্পাদন করিতে সক্ষম হয়। বঙ্গের পল্লীবাসিগণের মধ্যে কৃষকেরাই (ম্যালেরিয়াগ্রস্ট চাড়া) সুগঠিত দেহ ও বলবান, তাহাদের দেহ চর্বির আধিকা জন্য স্তুলতা দোষে দুষ্ট নহে এবং তাহারাই সর্বাপেক্ষা পরিশ্রম সহিষ্ণু।

সাধারণ গৃহস্থ কোনরূপে নিজেদের গ্রাসাচ্ছাদন রক্ষা করিতে সক্ষম হন। তাহাদের খাদ্য তালিকায় শালি উপাদান কৃষকের সাধারণ গৃহস্থের কথা
অপেক্ষা অনেক কম। কিন্তু স্নেহ উপাদান কিছু অধিক গাকে। খাদ্য যেরূপ হউক সাধা-
রণ গৃহস্থ অধিক কষ্ট ভোগ করেন। কারণ, প্রথমতঃ তাহাদের কাষ্যে দৈহিক পরিশ্রম অল্প, দ্বিতীয়তঃ তাহাদের অর্থের অভাব, এজন্য তাহাদের খাদ্যস্রব্যাদি ও অপকৃষ্ট শ্রেণীর এবং তৃতীয়তঃ দৈহিক পরিশ্রম অল্প বলিয়। তাহারা পরিশ্রমী কৃষকগণের মত নিজ খাদ্য পরিপাক করিতে সক্ষম হন না।

অবস্থাপন্ন গৃহস্থেরা সহজেই নিজেদের গ্রাসাচ্ছাদন কার্য্য সম্পন্ন করেন। তাহাদের খাদ্য সামগ্ৰী উৎকৃষ্ট। খাদ্য আমিষ অবস্থাপন্ন গৃহস্থের
খাদ্যের কথা
উপাদান উপযুক্তরূপ থাকে, শালি উপাদানের মাত্রাও মন্দ নহে। গৃহীত স্নেহ উপাদানের

মাত্রা শরীরের পক্ষে যথেষ্ট। তাহাদের কর্ষের ধরণও অপেক্ষাকৃত উপরুক্তরূপ, তাহারা নিয়মিত অভ্যাসী। যদিও তাহারা নিজেদের সামাজিক অবস্থা ঠিক রাখার জন্য একবারে উৎসে শূন্য হইতে পান না, তথাপি এই শ্রেণীর লোকই অধিক সুশ্রী হইয়া থাকেন।

বনীলোকে কেবল মাত্র সুখদের জন্য, রসনার তৃপ্তির জন্য অনেক অর্থব্যয় করিয়া থাকেন। তাহাদের খাদ্য আর্মিশ ও স্নেহ

বনী-গুরু পঁচাত্তর উপাদানের মাত্রা অধিক থাকে। স্নেহ উপাদানই

কথা অত্যধিক গ্রহণ করা হয়। এই সকল লোকের ভুঁড়ি বাড়িয়া থাকে এবং মাথাটি দেহের তুলনায় ছোট দেখায়। এই সকল অভিভোজী লোকে সন্তুষ্টতাঃ কোনরূপ কাজকর্ম না গাকায়, নান্তরূপ কল্পিত রোগের অনুযোগ করিয়া থাকেন।

জেল-কয়েদীদের খাদ্য আর্মিশ ও শালি উপাদানের মাত্রা খুব বেশী কিন্তু স্নেহ উপাদানের মাত্রা অতি অল্প। অন্যান্য

কয়েদ-গুরু পঁচাত্তর জনসাধারণের তুলনায় জেল-কয়েদীদের স্বাস্থ্য

কথা ভাল বলা হয়, কিন্তু তাহারা যে পরিমাণ শালি উপাদান গ্রহণ করে তাহা সহজে পরিপাক পায় কি না এবং জেল-কয়েদীদের মধ্যে আমাশয় ও উদরাময়ের অত্যন্ত আধিকা এইজন্য হয় কি না সে বিষয়ে বিশেষ সন্দেহ আছে।

অনেকে বলেন—বাঙালীরা প্রধানতঃ শালি জাতীয় খাদ্য জীবন ধারণ করে, অধিক পরিমাণ খেতসারময় খাদ্য গ্রহণের

শালি ও আর্মিশ ফলে অন্ত মধ্যে পচন ও বীজাণু উৎপন্ন হইয়া পঁচাত্তর সৌম থাকে, একারণে অন্য সকল জাতি অপেক্ষা

বাঙালীর রোগক্রম হইবার সম্ভাবনা অধিক। একপাইতেও শুনা যায় যে, শালি জাতীয় খাদ্যের অনেক অংশ সম্পূর্ণভাবে শরীরে গৃহীত হয় না এবং অধিক পরিমাণ পরিভ্রমিত্ব অংশ যখন অন্ত সমূহের মধ্য দিয়া যাইতে থাকে, তখন বীজাণু উৎপাদনের সহায়তা হয়; তাহার ফলে শরীরে বিষ ক্রিয়া প্রকাশ পায়।

উপরোক্ত ধারণা বিশেষ অসঙ্গত বলিয়াই মনে হয়, খাচ্ছ সমূহের আমিষ উপাদান এবং মাংসের আমিষ অংশই অন্ত মধ্যে বীজাণু উৎপাদনের বিশেষ সহায়ক। মাংসাহার অধিক পরিমাণে হইলে এবং তৎসঙ্গে শালিজাতীয় খাদ্যও অধিকপাকিলে, দুর্বল পাকাশয়ুক্তের পক্ষে বিশেষতঃ এই গ্রীষ্মপ্রধান দেশে কিছুতেই তাহা উপযোগী হইতে পারে না।

বর্তমানে ইউরোপে ও এদেশে পরীক্ষার দ্বারা প্রমাণিত হইয়াছে যে, মাংসাহার বিশেষতঃ অধিক পরিমাণে করিলে; শর্কার মধ্যে ইউরিয়া (Urea) এবং ইউরিক এসিড (Uric acid) বিষ সঞ্চিত হইয়া থাকে। শরীর হইতে এই বিষ বাহির করিতে না পারিলে রেনেল-কলিক (Renal Colic) এবং গেঁটে বাত (Gout) প্রভৃতি রোগের উৎপত্তি হয়। কিন্তু শালিজাতীয় বা মিশ্রিত খাদ্য গ্রহণে সেরূপ অসুবিধা নাই। কেবল, অতিরিক্ত শ্বেতসারময় খাদ্য গ্রহণের ফলে শরীর বিধানের মধ্যে অধিক চর্বি সঞ্চিত হইয়া স্থূলতা জন্মিতে পারে। যদি উপযুক্ত শারীরিক পরিশ্রম না থাকে, অতিরিক্ত শালি উপাদান গ্রহণের ফলে শরীরাভ্যন্তরিক ক্রিয়ার ব্যতিক্রম ঘটিয়া বহুমুক্ত রোগ

জন্মিয়া থাকে। দর্শনানে অবস্থাপন লোকদের মধ্যে ইহা একটি সাধারণ ব্যাধি।

খাদ্য সমস্কে এত আলোচনার পর আমাদের মনে হইতে পারে যে, বাঙালীর দর্শনান খাদ্যোপকরণ যদি যথোপযুক্ত এবং

তাহার বিশেষ পরিসর্বনের আবশ্যক নাই, তবে

আমাদের অভাব কিসের ? ইহার উত্তরে নলা যাইতে পারে যে, বাঙালীর স্বাস্থারক্ষার বিধান সম্বন্ধীয় নিয়ন্ত্রণ পালনের আবশ্যিকতা রহিয়াছে। নিজের এবং চতুর্পাশের স্বাস্থাকর অবস্থা সমূহের উন্নতি সাধন করিতে পারিলেই, স্বাস্থ্য এবং দীর্ঘজীবন লাভের পক্ষে বিশেষ সুযোগ ফলিবে।

খাট্টের দোষে রোগ তোগ

সাধারণ খাট্ট গ্রহণকারী কুমক বা শ্রমজ্ঞাবিগণ অপেক্ষা, শুরু-তোজী লোকেরাই নানারূপ রোগে কষ্ট পাইয়া থাকে। খাট্ট গ্রহণের দোষে অজীর্ণতা, কোষ্ঠবন্ধতা, রেনেল কলিক, বাত, বক্তব্য ও স্তুলতা প্রভৃতি ব্যাধির উৎপত্তি হয়। শরিশ্মী দরিদ্র-গণের মধ্যে অতি অন্ধ লোকেই এই সকল ব্যাধিকে কষ্ট পায়।

রসনার তঃপুর জন্য যাঁহারা অতি ও শুরুতোজন করেন তাঁদের মধ্যেই অজীর্ণতা রোগের বিশেষ প্রাধান্য দেখা যায়।

এরূপ স্থলে খাট্টের পচন জনিত অজীর্ণতাই
গঠনিক।
(Fermentative Dyspepsia) অধিক।
নানারূপ খাট্ট বন্ধবারে গ্রহণ করাতে পাকাশয় অতি অন্ধ বিশ্রাম পায়, টঙ্গার ফলে পাকাশয় পেশীগাত্রের ক্রিয়া শক্তি কমিয়া যায় এবং পাকাশয় মধ্যে খাদ্যাংশ পচিয়া বাস্প উৎপাদন করে। এই সকল কারণ বাতীত, তাঁদের শারীরিক পরিশ্রমের অভাবও পচন জনিত অজীর্ণতার আর একটি কারণ।
স্বল্পবিক্রিত গৃহস্থগণের মধ্যেও অজীর্ণতা সাধারণ ব্যাধি, এস্থলে অয়জনিত অজীর্ণতাই (Acid Dyspepsia) অধিক।
অসচ্ছলতার জন্য উত্তম ও নির্দোষ খাদ্য সংগ্রহের অভাব,

কোন গতিকে খাদ্য দ্রব্য গলাধ়করণ করা এবং নিজেদের গ্রাসাচ্ছাদনের জন্য তাঁহাদের পরিশ্রম প্রভৃতিই এরূপ অজীর্ণতার কারণ। শ্রমজীবিগণের মধ্যে অজীর্ণতা রোগ প্রায় নাই বলিতে পারা যায়।

খাদ্য অসার ভাগ না থাকিলে কিন্তু রন্ধনের গুণে অসার অংশ অধিক কোমলতা প্রাপ্ত হইলে, অন্তর্পেশী সমৃহ উদ্ভেজিত হয় না এবং কোষ্ঠ পরিষ্কারের ব্যাঘাত ঘটে।

কোষ্ঠবন্ধতা

স্বসেবা খাদ্যগ্রাহিগণের অনেকে এই কারণে কোষ্ঠবন্ধতায় কষ্ট পান। মাংসে অসার ভাগ অতি অল্প, এজন্য মাংসাহারী ব্যক্তিগণের মধ্যে কোষ্ঠবন্ধতা অধিক দেখা যায়। উপযুক্ত পরিমাণ জলপান না করাও কোষ্ঠবন্ধতার একটি প্রধান কারণ। উপযুক্ত শারীরিক পরিশ্রমের অভাবে, শ্রমজীবিগণ অপেক্ষা, বিশেষ মানসিক পরিশ্রমী বা অলস ভোগী ব্যক্তিরাই কোষ্ঠবন্ধতা রোগে অধিক কষ্ট পাইয়া থাকেন।

রেনেল কলিক (Renal Colic) না গৃহগন্তির শূল-নেদন। মেটাবলিউম ক্রিয়ার (খাদ্য সকলের সারাংশ গ্রহণ ও

রেনেল কলিক

অসারাংশের পরিত্যাগ ক্রিয়ার) ব্যাঘাতের জন্য হইয়া থাকে এবং ধাঁহারা ভোগে থাকেন তাঁহাদের মধ্যেই এই রোগ অধিক দেখা যায়, কিন্তু মোটেই মাংসাহার করেন না এরূপ লোকের মধ্যে ষে রেনেল কলিক একবারেই নাই তাহা নহে।

মাংসাহারী বাক্সিগণের মধ্যেই গেঁটে বাত (Gout) সীমা-
বদ্ধ থাকিতে দেখা যায়। ধর্মীগণ ব্যক্তি
গেঁটে বাত
অতি অল্প বাস্তালীরই এই রোগ হচ্ছিয়া থাকে।

মধ্যবিহু এবং অবস্থাপন্ন লোকের বহুমৃত্তি বা মধুমেহ
(Diabetis Mellitus) একটি প্রধান বাধি। হাঁহারা
ভোগে থাকেন, মেটাবলিউজম্ ক্রিয়ার বাস্থাতের
বহুমৃত্তি
জন্যে তাঁহাদের এই রোগ হচ্ছিয়া থাকে।

অবস্থাপন্ন লোক বিশেষতঃ হাঁহাদের শারীরিক পরিশ্রম আপেক্ষা
অধিক মানসিক পরিশ্রম করিতে হয়, তাঁহাদের মধ্যেই এই
রোগ দেখা যায়। প্রমজীবিগণের মধ্যে এ রোগ একরূপ নাই
বলা চলে।

স্তুলতা (Obesity) প্রদৃষ্ট পক্ষে একটি রোগ না তাঁলেও,
ইহার জন্য নানারূপ অস্বচ্ছতা ভোগ করিতে হয়। অতিরিক্ত
স্তুলতা
ভোজন এবং পরিশ্রমের অভাবই ইহার কারণ।
দরিদ্র লোকের মধ্যে এই দোষ মোটেই দেখা
যায় না, ধর্মীগণের অনেকেই ইহাতে কৃষ্ণ পাইয়া থাকেন।

খাতু সমূহের বিশ্লেষণ

সামাজিক বিশ্লেষণের দ্বারা কোন খাদ্য কোন উপাদান কি পরিমাণে আছে তাহা জানিতে পারা যায়। এই অধ্যায়ে বাঙালীর সাধারণ খাদ্য সমূহের বিশ্লেষণ ফল (শতকরা বিভিন্ন উপাদানের পরিমাণ) প্রদত্ত হউল।

| অংক সং | আগস্ট | সেপ্টেম্বর | জুন | জল |
|-----------------|--------|------------|------|-------|
| রোচি | ১৭.৮৮ | ৭.১৪ | ১.৬৬ | ৭৫.০ |
| মুগল | ১৮.১০ | ২.৯০ | ... | ... |
| মাছ | ২১.২০ | ২.০ | ১.৮ | ৭৫.০ |
| গলুব চিড়ি | ১৯.১৭ | ১.০৭ | ... | ৭৬.৬ |
| অংক সং | | | | |
| গো | ২২.৫১ | ৪.৫২ | ১.২৩ | ৭০.৮৮ |
| মেব | ১৮.০ | ৫.৭০ | ১.৬ | ৭৫.০ |
| ভাগ | ২৪.০৬ | ২.৫০ | ১.১ | ৭২.৩৮ |
| কুকুট | ১.৭০.৬ | ০.১ | ১.০ | ৭০.০ |
| ডিস্ক | | | | |
| কুকুটের ডিস্ক | ১৪.৮ | ১.০৫ | ১.০ | ৭.৭.৭ |
| ডিস্কের প্রতিঃশ | ১২.০৬ | ০.২৫ | ০.৮৯ | ৮৫.৭ |
| ডিস্কের প্রতিঃশ | ১৬.২ | ৩.৭৫ | ১.০৯ | ৮০.৯ |

| দুংখঃ— | আমিষ | শালি |
|------------------|-------|--------|
| গো-হুং (খাঁটি) | ৫.২৮ | ৩.৯ |
| দধি (উৎকৃষ্ট) | ৫.৭৭ | ২.৮ |
| ছানা | ২২.৩৩ | ০.৩৮ |
| চাউলঃ— | | |
| দেশী (উৎকৃষ্ট) | ৬.৩৫ | ৭৮.৮ |
| বালাম | ৬.৯ | ৭৯.৫১ |
| পাটনাই | ৯.০৬ | ৭৬.২৫ |
| গোঞ্জুমঃ— | | |
| গম (গড়ে) | ১২.৭৯ | ৫৩.৬৫ |
| ময়দা | ১২.১৫ | ৫৩.৬৫ |
| আটা | ১২.৮৭ | ৬২.২২ |
| সুজি | ১৪.৩৮ | ১.৭.৪২ |
| র্যাতার আটা | ১৫.২২ | ৫০.০০ |
| চাউলঃ— | | |
| মসূর | ১৫.৪৭ | ৫৫.০০ |
| খেঁসারি | ২৪.১২ | ৫৬.০৮ |
| মুগ | ২৩.৬২ | ৫৩.৪৯ |
| ছোলা | ২৩.০১ | ৫৩.১৩ |
| কলাই | ২২.৫৮ | ৫৮.০২ |
| মটর | ২২.০১ | ৫৩.৯৭ |
| অডহর | ২১.৬৭ | ৫৪.১৭ |

| কেজি | লবণ | জল |
|-------|------|-------|
| ৩.৫ | ০.৯৮ | ৮৭.৩৪ |
| ৩.৫৭ | ০.৬২ | ৮৭.৮৪ |
| ১৮.৬৯ | ১.৬৩ | ৮৭.০২ |
| ০.৮ | ০.৭৬ | ১৩.২৮ |
| ০.৭৩ | ০.৭২ | ১২.১৪ |
| ১.০৮ | ১.৪৫ | ১২.১৭ |
| ০. | | |
| ৮.৮ | ১.৪৪ | ১১.৮ |
| ৮.৫৬০ | ০.৭৫ | ১১.৭২ |
| ৮.৪২ | ০.৭ | ১১.৬৪ |
| ৮.২৮ | ০.৯১ | ১০.৫২ |
| ৮.৪৬ | ১.৬০ | ১০.২৮ |
| ৩.০ | ৩.৩৩ | ১০.২৩ |
| ৩.৫ | ৩.৪ | ১১.৬৫ |
| ৩.৬৬ | ৩.৫৭ | ১২.৫৭ |
| ৪.৩১ | ৩.৭২ | ১০.০৫ |
| ১.২০ | ৩.৬১ | ১০.৬৫ |
| ১.৯৬ | ৩.৬০ | ১০.৯৬ |
| ৩.৩৩ | ৩.৫০ | ১০.০৮ |

| শালি | মানিম |
|-----------------|-------|
| আলু (উৎকৃষ্ট) | ১০.১ |
| পাস্তা আলু | ১.৫৭ |
| চাকা আলু | ১.৫৮ |
| চুনড়ি আলু | ০.৯৮ |
| গানকচু | ০.২৫ |
| গুড়িকচু | ১.০২ |
| গুল | ... |
| গাজির | ০.৫ |
| গালগাম | ০.৯ |
| মল্লা | ০.২১ |
| পেঁয়াজ | ১.৫৭ |
| চাল কুমড়া | ০.১৮ |
| বিলাতী কুমড়া | ০.২৫ |
| জাউ | ০.৫৫ |
| বেগুন | ০.৬১ |
| পাটল | ১.৭২ |
| বিজে | ০.৩৭ |
| উচ্চ | ০.৩৮ |
| ফুলকপি | ১.৯৮ |
| ওলকপি | ০.৮৫ |
| বিলাতী বেগুন | ০.৮ |

| স্লেহ | লবণ | জল | সেলুলোজ |
|-------|------|-------|---------|
| ০.১ | ০.৯ | ৭৬.৭ | ০.৬ |
| ০.৬২ | ১.১৬ | ৭১.২৩ | ৩.২২ |
| ০.২৯ | ১.২৮ | ৭১.৬ | ৩.২৯ |
| ... | ১.১১ | ৭২.২০ | ৯.৬১ |
| ... | ১.৪১ | ৮৪.১৩ | ৩.০১ |
| ০.২ | ১.৭ | ৭৪.০ | ৩.৭৫ |
| ... | ১.৪ | ৮০.০৬ | ১.০ |
| ০.৩ | ০.৯ | ৮৫.৭ | ১.৫ |
| ০.১৫ | ০.৮ | ৯০.৩ | ১.৪ |
| ০.০৬ | ০.৬৪ | ৯৫.৬ | ... |
| ০.৬ | ০.৪৫ | ৮৮.৯ | ২.৫ |
| ... | ১.৬৭ | ৮৭.২৭ | ৯.৪৬ |
| ... | ১.৩২ | ৮৯.৩৪ | ৫.২২ |
| ... | ০.২৬ | ৯৫.৪৮ | ০.৭ |
| ০.২৮ | ০.৩ | ৯১.৯ | ৫.০১ |
| ০.৭৮ | ০.৭৬ | ৯২.৪৪ | ৮.০৬ |
| ... | ১.৭৮ | ৯১.৭৪ | ৬.৪৭ |
| ০.২৭ | ১.৬২ | ৯৩.২৭ | ৪.৪৬ |
| ০.৭৬ | ০.৬২ | ৯০.০ | ৩.৪৭ |
| ০.৫৪ | ০.২ | ৮৭.০ | ৩.৪ |
| ০.৪৯ | ০.৬৬ | ৯৪.৯৩ | ১.১.৮ |

| | শালি | আমিষ |
|----------------|---------|-------|
| কাঁচা আম | ৩.২৮ | ০.৫৯ |
| কাঁচা পেঁপে | ৩.৪৭ | ০.৫৬ |
| কাঁচা কলা | ১৪.১ | ১.৬১ |
| বীট পালং | ১০.৪১ | ১.৯৬ |
| চেঁড়স | ৪.৩২ | ১.৯৬ |
| কাটাল বীজ | ৩১.২ | ১৩.১৪ |
| মটবশুটি | ২২.৪৩ | ৮.৩৭ |
| সিম | ৭.২৬ | ১.২৫ |
| ফ্রেঞ্চ বিন | ৩.৩২ | ২.৭৩ |
| বববাটি | ১.২৫ | ০.৮ |
| বাধাকপি | ৩.২৯ | ১.২৫ |
| নটেশাক | সামান্য | ০.৫৩ |
| পালংশাক | সামান্য | ০.৬০ |
| পুঁইশাক | সামান্য | ০.৪৭ |
| ফল ০--- | . | |
| আম (বোম্বাই) | ১৭.৫৮ | ১.২ |
| পাকা কলা | ১৫.৯৬ | ১.৬৫ |
| আনারস | ৭.২৫ | ০.৫৮ |
| আপেল | ১২.২৮ | ০.৪৪ |
| পীচ | ৫.৪ | ০.৭ |
| কমলা লেবু | ১১.৬০ | ০.৮২ |

| କ୍ଷେତ୍ର | ଲବণ | ଜଳ | ମେଲୁଲୋଜ |
|---------|-------|-------|---------|
| .. | ୦.୨୭ | ୯୦.୬୯ | ... |
| .. | ୧.୨୩ | ୮୨.୪୬ | ୧.୨୮ |
| ୧.୭ | ୦.୧୭ | ୧୯୦୦ | ୨.୭ |
| ୨.୦୧ | ୧.୭ | ୮୩.୭ | ୧.୦ |
| ୧.୧ | ୦.୮ | ୯୦.୮ | ୧.୪ |
| ୧.୯୮ | ୨.୨୭ | ୪୬.୪୬ | ୧୦୬୫ |
| ୦.୮୭ | ୧୦.୭ | ୬୧.୭୮ | ୫.୫୨ |
| ୦.୫୭ | ୦.୬.୦ | ୮୨.୫୯ | ୬.୯୬ |
| ୧.୧୮ | ୦.୭୨ | ୯୦.୨ | ୧୦୪ |
| ୧.୨୯ | ୦.୬ | ୯୧.୯ | ୧.୯ |
| ସାମାଜ୍ୟ | ୧.୯୭ | ୮୬.୭୨ | ୬.୭୯ |
| ନାମଭାବ | ୧.୧୯ | ୯୧.୪୮ | ୬.୬୦ |
| ନାମଭାବ | ୦.୯୬ | ୯୨.୦୭ | ୬.୭୭ |
| ନାମଭାବ | ୦.୬୨ | ୮୫.୮୦ | ୧୨.୧୫ |
| ୦.୭୬ | ୧.୨୭ | ୭୫.୫ | ୭.୭୬ |
| ୦.୬୫ | ୦.୮୫ | ୭୨.୭ | ... |
| ... | ୦.୮୬ | ୮୮.୪୫ | ୭.୨୬ |
| ... | ୦.୮୮ | ୮୨.୫୬ | ୮.୨୮ |
| ୦.୧ | ... | ... | ... |
| ... | ୦.୭୭ | ୮୪.୫୪ | ୭.୨୬ |

| | শালি | আমিষ |
|------------------|-------|-------|
| পাতি লেবু | ৮.৫ | ১.০ |
| শশা (কচি) | ২.১ | ০.৮ |
| ফুটি | ৭.৬ | ০.৭ |
| তবমুজ | ৬.৫ | ০.৬ |
| ডাবের জল | ৬.২০ | ০.৬২ |
| কুল (নারিকেলি) | ১৬.২৭ | ০.১৮ |
| কুল (টোপা) | ১৩.৮২ | ০.৩৪ |
| আঙুর | ১৯.২ | ১.৩ |
| বেদানার রস | ৬.৬০ | ০.৯৮ |
| ডালিমের রস | ৬.৫০ | ০.৬১ |
| বাদাম :- | • | |
| বাদাম | ১০.০ | ১.৪.০ |
| পেস্তা | ১৪.০ | ২.১.৭ |
| আখ্রোট | ৭.৪ | ১.৫.৬ |
| চীনা-বাদাম | ১৭.০ | ২.৪.০ |
| ঝনা নারিকেল | ৮.৪ | ১.২ |

(বিভিন্ন খাদ্য স্রব্যের যে সকল উপাদানের পরিমাণ পরীক্ষিত
উল্লেখের স্থলে সংখ্যার পরিবর্তে এইরূপ ... চিহ্ন প্রদান করা

| নং | লবণ | জল | সেলুলোজ |
|------|------|-------|---------|
| ০.৭ | .. | ... | ... |
| ০.১ | ০.৪ | ৯৫.৯ | ০.৫ |
| ০.৬ | ০.৬ | ৬৯.৮ | ১.০ |
| ০.১ | ০.২ | ৯২.৯ | ... |
| . | ০.২৬ | ৯২.৩২ | ... |
| . | ০.৭৩ | ৭৮.০৪ | ৩.৯৮ |
| . | ০.৮৬ | ৮০.৫৪ | ৪.৪৬ |
| ১.৬ | • | .. | ... |
| | ২.৪২ | ৯০.০ | ... |
| . | ১৮.৯ | ৯১.০ | ... |
| | • | • | • |
| ৫৪.০ | ৩.০ | ৬.০ | ৩.০ |
| ৫১.১ | ৩.৩ | ৭.৪ | ২.৫ |
| ৬২.৬ | ২.০ | ৪.৭ | ৫.৮ |
| ৪৪.৩ | ১.৯ | ৮.৩ | ৪.৫ |
| ৩৫.৯ | ১.০ | ৫৬.৬ | ২.৯ |

হয় নাই বা সংগ্রহ করিতে পারা যায় নাই, সে সকল উপাদানের
হইয়াছে।)

খাদ্য সমূহের যে সকল বিশ্লেষণ ফল প্রকাশিত হলুন তাহার
 অধিকাংশ কলিকাতা মেডিকাল কলেজের শরীরতত্ত্ব বিভাগে
 কৃত এবং এই বিভাগের শিক্ষক ডাক্তার শ্রীযুক্ত
 বিশ্লেষক
 লালমোহন ঘোষাল এল, এম, এস্ কর্তৃক
 অনুগ্রহ পূর্বক প্রদত্ত। কতকগুলি বিশ্লেষণ ডাক্তার বশুর
 লানরেটার্টে নিজের এবং সহকস্থীদের দ্বারা কৃত। কয়েকটা
 বিশ্লেষণ ফল ডাক্তার Ardeshir K. Turner L.M. & S.
 লিখিত প্রবন্ধ হইতে এবং ডাক্তার Robert Hutchison M.I
 প্রণীত “FOOD” নামক পুস্তক হইতে সংগৃহীত।

•
সমাপ্ত

“স্বাস্থ্য-সমাচার” পুস্তকাবলী

| | |
|---|------------|
| ১। স্বাস্থ্য-নীতি (ব্যক্তিগত) | ... ৩ |
| ২। গার্ডস্ট্য স্বাস্থ্য-নীতি | ... ১ |
| ৩। শিশু-পালন | ১০ |
| ৪। স্বাস্থ্য-পাঠ (মুক্তাক্ষর বর্জিত, শিশুপাঠ) | ৭০ |
| ৫। খাস্ত-কণা | ১০ |

“Health & Happiness” Series

1. Romance of the Human Body Re. ১/-
2. Sex Hygiene Re. ১/-

“স্বাস্থ্য-সমাচার” কার্য্যালয়
● ৪৫ নং আমহাটী ট্রোট, কলিকাতা।

“স্বাস্থ্য-সমাচার”

বঙ্গভাষায় স্বাস্থ্য-সম্বন্ধায় একমাত্র মাসিকপত্র

সম্পাদক

ডাক্তার শ্রীকার্তিকচন্দ্ৰ বসু এম, বি।

(১৩২৮ সালে ১০ম বৰ্ষ আৱস্থ হইয়াছে)

বার্ষিক মূল্য সর্বত্র দুই টাকা ।

কার্য্যালয়

৪৫ নং আমহাটী ঝৌট, কলিকাতা ।

